## কেন্দ্রে ১৫০ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

শূন্যপদ : ৭৫টি।

**ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস ট্রেনি** : ইঞ্জিনিয়ারিংয়ের সংশ্লিষ্ট শাখার ডিপ্লোমা কোর্স পাশ হলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। স্টাইপেন্ড মাসে ৮,০০০ টাকা। শূন্যপদ : ২০টি।

**আই.টি.আই. অ্যাপ্রেন্টিস ট্রেনি** : মাধ্যমিক পাশরা এ.আই.সি.টি.ই'র অনুমোদিত সংস্থা থেকে সংশ্লিষ্ট ট্রেডে ভোকেশনাল কোর্স পাশ হলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। স্টাইপেন্ড মাসে ৭,০০০ টাকা। শূন্যপদ: ২৫টি।

**জেনারেল স্ট্রিম (নন-ইঞ্জিনিয়ারিং)** : কমার্স, আর্টস, বি.সি.এ., বি.বি.এ., বি.এসসি. (কেমিস্ট্রি, ফিজিক্স, অঙ্ক, ইলেক্ট্রনিক্স, কম্পিউটার সায়েন্স) কোর্স পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। স্টাইপেন্ড মাসে ৭,০০০ টাকা। শূন্যপদ: বি.কম. ১০, বি.এসসি. ৫, বি.এ. ৫, বি.সি.এ. ৫, বি.বি.এ. ৫।

সব পদের বেলায় তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। এই পদের বিজ্ঞপ্তি নং : GTRE / HRD/026/2023-24, Date: 10th Feb 2023.

প্রার্থী বাছাই হবে স্ক্রিনিং টেস্ট বা, ইন্টারভিউয়ের মাধ্যমে।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৩ মার্চের মধ্যে। এই ওয়েবসাইটে : www.drdo.gov.in আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

কোনো ভর্তি ফি লাগবে না
নার্সিং } B.Sc. - 2.5 Lakh
GNM - 2 Lakh
ট্রেনিং শেষে 100% চাকরির সুযোগ
ছেলে-মেয়ে উভয়েই ভর্তি চলছে (WBNC & INC) প্রাপ্ত কলেজে
D.Pharm (2 Lakh), Paramedical সহজে পাশ করুন
6 মাসে সরকারিভাবে NIOS থেকে MP/HS গ্যারান্টি পাশ
D.El.Ed. 35 হাজার
ভর্তির সুযোগ (22-24)
বর্ধমান: 9083395622, কলকাতা: 9339279211, 9434474394

বিজ্ঞাপন

# বিমান পরিষেবায় কলকাতা সহ সারা ভারতে কয়েক হাজার শূন্য পদ

## (মাধ্যমিক পাস ছেলে-মেয়েদের জন্য)

বিমান পরিষেবায় কলকাতা সহ সারা ভারতে চাকরির জন্য আবেদনপত্র জমা নেওয়া হচ্ছে। এই ব্যাচের বিজ্ঞপ্তি নাম্বার NSC/AT-23/N-03, এই পরিষেবায় যোগদান করার জন্য সর্বপ্রথম প্রফেশনাল কোর্স (ট্রেনিং) করানো হবে। এই কোর্স (ট্রেনিং)টি সম্পূর্ণ বিনা খরচে করানো হবে। এর জন্য কোনো ধরনের ফিস দেওয়া লাগবে না। প্রশিক্ষণের সমস্ত দায়-দায়িত্ব থাকবে ডিপার্টমেন্ট অফ এনএসসি, এপ্রুভ বাই এমসিএ, গভর্নমেন্ট অফ ইন্ডিয়া এর। পশ্চিমবঙ্গের মধ্যে কলকাতা সহ বিভিন্ন জায়গায় মোট ৮টি প্রশিক্ষণ কেন্দ্রের মধ্যে নিকটবর্তী যেকোন একটিতে ট্রেনিং করার সুযোগ পাবেন। ট্রেনিংয়ের সময়সীমা থাকবে ট্রেড অনুযায়ী। ট্রেনিং চলাকালীন থাকা ও খাওয়ার সুযোগ সুবিধা পাবেন বিনা খরচে। কোর্সটি (ট্রেনিং) সম্পূর্ণভাবে সফল হওয়ার পর চাকরিতে যোগদান করানো হবে। চাকরি করার সুযোগ পাবেন প্রার্থীর নিজের রাজ্যে বা নিকটবর্তী বিমান পরিষেবার যে কোন অফিসে বা বিমানবন্দরে। সমস্ত পদের জন্যই ন্যূনতম মাধ্যমিক পাস ছেলেমেয়েরা, কোনো স্বীকৃত রাজ্য বা কেন্দ্রীয় বোর্ড থেকে পাস থাকলে আবেদন করতে পারবেন, এ ক্ষেত্রে পার্সেন্টেজ এর কোনো বাধ্যবাধকতা নেই। অতিরিক্ত শিক্ষাগত যোগ্যতা থাকলেও আবেদন করতে পারবেন। বয়স ১লা এপ্রিল ২০২৩ হিসাবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। ওবিসি-রা বয়সে তিন বছর এবং এসসি ও এসটি প্রার্থী-রা বয়সে পাঁচ বছর ছাড় পাবেন। অনলাইন আবেদন কবার শেষ তারিখ ২৭-শে মার্চ ২০২৩ পর্যন্ত। প্রার্থী বাছাইয়ের জন্য সর্বপ্রথম শর্টলিস্ট করা হবে। শর্টলিস্টের ফলাফল প্রকাশিত করা হবে ৩-রা এপ্রিল ২০২৩ তারিখে বোর্ডের অফিসিয়াল ওয়েবসাইটে। নির্বাচিত হলে 'শর্টলিস্ট সিলেকশন' লেটার পাবেন আপনার রেজিস্টার ইমেল আইডিতে। তারপর, অনলাইন আবেদনে উল্লেখিত সমস্ত তথ্য বা নথিপত্র যাচাই করা হবে। তারপর মেডিকেল টেস্ট করানো হবে। কবে কোথায় কখন পরীক্ষা হবে তা কল লেটার পাঠিয়ে জানানো হবে। তারপর মেডিকেল পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের পুলিশ ভেরিফিকেশন করা হবে। পুলিশ ভেরিফিকেশন হবে প্রার্থীদের নিজের থানায়। সমস্ত প্রক্রিয়া সম্পূর্ণ হওয়ার পর চূড়ান্ত মেধাতালিকা প্রকাশিত করা হবে। চূড়ান্ত মেধাতালিকায় নথিভুক্ত প্রার্থীদের ট্রেনিংয়ে যোগদানের জন্য চিঠি পাঠানো হবে। অনলাইনে আবেদন করার জন্য বৈধ একটি ইমেইল আইডি থাকতে হবে। তারপর www.joinnsc.org ওয়েবসাইটে গিয়ে অনলাইন রেজিস্ট্রেশন এ ক্লিক করলে ফর্ম টি পেয়ে যাবেন। ফর্মটি পাওয়ার পর সর্বপ্রথম অ্যাডভার্টাইজমেন্ট নোটিশ নাম্বার অপসনে গিয়ে "NSC/AT-23/N-03" সিলেক্ট করবেন, তারপর বাকি অংশগুলো পূরণ করবেন। এছাড়াও আবেদন করার আগে নীচের এইসব প্রমাণপত্র স্ক্যান করে নেবেন : (১) পাসপোর্ট মাপের রঙিন ফটো (সর্বোচ্চ ৫০ কেবির মধ্যে), (২) সিগনেচার (সর্বোচ্চ ২০ কেবির মধ্যে)। পরিচয় পত্র হিসেবে দিতে পারবেন আপনার আধার কার্ড / ভোটার কার্ড / ড্রাইভিং লাইসেন্স বা পাসপোর্ট এর মধ্যে যেকোনো একটি। আবেদন করার জন্য ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবেন। অ্যাপ্লিকেশন সাবমিট হওয়ার পর রেজিস্টার ই-মেল থেকে সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। একজন প্রার্থী একাধিক পদের জন্য আবেদন করতে পারবেন। রেজিস্ট্রেশন সংক্রান্ত যেকোন অসুবিধার জন্য যোগাযোগ করতে পারবেন এই হেল্পলাইন নম্বর গুলিতে 033-3598 4509 এবং 9836125688. শূন্যপদের বিবরণ, বেতন এবং অন্যান্য বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

বিজ্ঞাপন

### দোহাই, আর ঠকবেন না

বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিন্ত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ড্রেস ও এখনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। তার জন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। এছাড়া পাঠাবেন এই ঠিকানায় : সি.আই.ডি. বিভাগ, ভবানী ভবন, আলিপুর, কলকাতা-২৭। কলকাতার সংস্থা হলে এই ঠিকানায় : ডি.সি., ডি.ডি. - ১, লালবাজার, ১৮, লালবাজার স্ট্রিট, কলকাতা-১। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর ফোনে অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে।

— সম্পাদক, কর্মসংস্থান।

### বিশেষ বিজ্ঞপ্তি

'কর্মসংস্থান' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনি সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। 'কর্মসংস্থান' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনোভাবেই দায়ী নয়।

— সম্পাদক, কর্মসংস্থান।

# WBCS'এর মাধ্যমে আমলা হওয়ার স্বপ্নপূরণ



**সম্প্রতি রাজ্য পাব্লিক সার্ভিস কমিশনের অন্যতম গুরুত্বপূর্ণ পরীক্ষা ওয়েস্ট বেঙ্গল সিভিল সার্ভিস (WBCS)-এর বিজ্ঞপ্তি বেরিয়েছে। এই পরীক্ষায় বসার জন্য শিক্ষাগত যোগ্যতা লাগে গ্র্যাজুয়েট। কয়েক মাসের মধ্যেই হবে প্রিলি. পরীক্ষা। এত অল্প সময়ে এই পরীক্ষার সুবিশাল সিলেবাস কভার করে কীভাবে যেকোনো সাধারণ ছেলেমেয়েরা এই পরীক্ষায় সফল হয়ে আমলা হওয়ার স্বপ্ন পূরণ করতে পারবেন তা সবিস্তারে জানালেন দীর্ঘ ৩৮ বছর ধরে চলা রাজ্যের অন্যতম সফল চাকরি পরীক্ষার শিক্ষা প্রতিষ্ঠান RICE গ্রুপের কর্ণধার প্রফেসর সমিত রায়।**

২০২৩ সালের জন্য WBCS-এর বিজ্ঞপ্তি সদ্য বের হয়েছে। West Bengal Civil Service (Executive) and etc. Examination (WBCS) পরীক্ষার মাধ্যমে পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন সাধারণত ৪টি গ্রুপ বা বিভাগে নিয়োগ করে থাকে। এইসব বিভাগ হল : A, B, C ও D। A বিভাগে মূলত ৬টি সার্ভিস যথা - West Bengal Civil Service (Executive) অর্থাৎ BDO, Assistant Commissioner of Revenue in the integrated WB Revenue Service, WB Co-operative service, WB Labour Service, WB Food and Supplies Service ও WB Employment Service-এ নিয়োগ হয়ে থাকে। B বিভাগে মূলত পুলিশে অর্থাৎ WB Police Service-এ নিয়োগ হয়ে থাকে আর প্রথম পোস্টিং সাধারণত DSP অর্থাৎ ডেপুটি সুপারিনটেন্ডেট অফ পুলিশ পদে হয়ে থাকে। C বিভাগে সাধারণত ৯টি সার্ভিস যথা - Superintendent, District Correctional Home/Deputy Superintendent, Central Correctional Home, Joint BDO, WB Junior Social Welfare Service, Deputy Assistant Director of Consumer Affairs and Fair Business Practices, WB Subordinate Land Revenue Service, Grade-I, Assistant Commercial Tax Officer, Assistant Canal Revenue officer (Irrigation), Register (District Consumer Disputes Redressal Commission)/Joint Register (WB State Consumer Disputes Redressal Commission) আর Chief Controller of Correctional Services-এ নিয়োগ হয়ে থাকে। D বিভাগে মূলত ৩টি সার্ভিস যথা - Inspector of Co-operative Societies, Panchayat Development Officer আর Rehabilitation Officer under the Refugee Relief and Rehabilitation Department -এ নিয়োগ হয়ে থাকে। কোনো পরীক্ষার্থী ৪টি বিভাগের জন্যই আবেদন করতে পারেন। WBCS পরীক্ষায় বসতে গেলে প্রার্থীকে ন্যূনতম স্নাতক হতে হবে আর বাংলা ভাষা লিখতে পড়তে ও বলতে জানতে হবে। তবে যে সব ব্যক্তির মাতৃভাষা নেপালি তাদের ক্ষেত্রে এই নিয়ম প্রযোজ্য নয়। এছাড়া A ও C বিভাগের জন্য বয়স যথাক্রমে ২১ থেকে ৩৬ বছর হতে হবে, B বিভাগের জন্য বয়স হতে হবে ২০ থেকে ৩৬ বছর আর D বিভাগে নিয়োগের জন্য বয়স ২১ থেকে ৩৯ বছর হতে হবে। এছাড়া B বিভাগে অর্থাৎ WB Police Service-এ নিয়োগের জন্য নির্দিষ্ট শারীরিক মাপজোক থাকা প্রয়োজন। তবে সরকারি নিয়ম অনুযায়ী তপশিলী জাতি ও উপজাতিদের বয়সে ছাড় রয়েছে।

এবার আসা যাক WBCS-এর পরীক্ষা পদ্ধতি সম্পর্কে। WBCS পরীক্ষা মূলত ৩টি ধাপে হয়ে থাকে। এগুলি হল - প্রিলিমিনারি, মেইন ও পার্সোনালিটি টেস্ট। প্রিলিমিনারি পরীক্ষাটি হয় মোট ২০০ নম্বরের। এই পরীক্ষাটি পুরো অবজেকটিভ ধরনের প্রশ্নের ওপর ভিত্তি করে হয়ে থাকে। ৪টি বিষয় থেকে মোট ২০০টি মাল্টিপল চয়েস প্রশ্ন থাকে আর প্রতিটি প্রশ্নের মান হল ১ নম্বর। যে ৪টি বিষয় থেকে প্রশ্ন আসে সেগুলি হল যথাক্রমে - English Comprehension, History of India, Indian National Movement, Geography of India with Special Reference to West Bengal, Indian Polity and Economy, Current Events of National and International Importance, General Science আর General Mental Ability। প্রিলিমিনারি পরীক্ষায় সরাসরিভাবে Mathematics-এর উল্লেখ না থাকলেও প্রতিবছরই কিছু বেসিক ধরনের Mathematics প্রশ্নপত্রে দেওয়া হয়। একটি বিষয় মনে রাখা প্রয়োজন, প্রিলিমিনারি পরীক্ষায় প্রাপ্ত নম্বর কিন্তু চূড়ান্ত মেধাতালিকায় গণ্য করা হয় না, অর্থাৎ এটি হল স্ক্রিনিং টেস্ট।

এবার আসা যাক মেইন পরীক্ষার প্রসঙ্গে। প্রিলিমিনারি পরীক্ষায় উত্তীর্ণ হলে প্রার্থীদের মেইন পরীক্ষায় বসতে হয়। মেইন পরীক্ষার সাধারণত ২টি ভাগ অর্থাৎ কম্পালসরি পেপার বা আবশ্যিক পত্র আর অপশনাল পেপার অর্থাৎ ঐচ্ছিক বিষয়। যে সব প্রার্থী A ও B অথবা ৪টি বিভাগ অর্থাৎ A, B, C ও D সব বিভাগের জন্য আবেদন করবেন তাদের কম্পালসরি ও অপশনাল ২টি ধরনের পরীক্ষাই দিতে হবে। যারা শুধুমাত্র C ও D বিভাগের জন্য আবেদন করবেন তাদের শুধুমাত্র কম্পালসরি পেপারের পরীক্ষা দিতে হবে। কম্পালসরি বিভাগে মোট ৬টি পেপারের পরীক্ষা দিতে হয় আর প্রতিটি পেপারের পূর্ণমান ২০০। পেপার-১ ও পেপার-২ যথাক্রমে বাংলা ও ইংরিজি। পেপার ১-এ অবশ্য বাংলার বদলে Hindi, Urdu, Nepali বা Santhali(সাঁওতালি) ভাষাতেও পরীক্ষা দেওয়া যায়। এই ২টি পেপার পুরোপুরিভাবে Descriptive অর্থাৎ বর্ণনামূলক। পেপার-৩ থেকে পেপার-৬ পুরোপুরিভাবে অবজেকটিভ মাল্টিপল চয়েস ভিত্তিক প্রশ্নের ওপর। পেপার ৩—এ Indian History, Indian National Movement আর Indian and West Bengal Geography-র ওপর ভিত্তি করে প্রশ্ন থাকে। পেপার ৪-এ General Science, Environment, General Knowledge, Current Affairs ও Technological Advancement-এর ওপর ভিত্তি করে প্রশ্ন এসে থাকে। পেপার ৫—এ ২টি বিষয় থেকে প্রশ্ন থাকে। এগুলি হল - Constitution of India ও Indian Economy and Function of RBI। পেপার ৬-এ Arithmetic ও Test of Reasoning-এর ওপর প্রশ্ন থাকে।

অপশনাল বিষয়ের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশনের তালিকায় ৩৭টি বিষয় উল্লেখ করা আছে, যার মধ্যে থেকে যেকোনো একটি বিষয় প্রার্থীকে বেছে নিতে হয়। সেই বিষয়ের ওপর প্রার্থীকে ২টি পেপারের পরীক্ষা দিতে হয় আর প্রতিটি পেপারের পূর্ণমান ২০০। অর্থাৎ অপশনাল পেপারে মোট ৪০০ নম্বরের পরীক্ষা দিতে হয় যা পুরোটাই Descriptive। অপশনাল বিষয়ে প্রশ্নপত্র ইংরিজিতে হয়ে থাকলেও উত্তর বাংলা বা ইংরিজি যেকোনো ভাষাতেই দেওয়া যায়। কম্পালসরি ও অপশনাল প্রতিটি পেপারের ক্ষেত্রেই ৩ ঘণ্টা করে সময় বরাদ্দ থাকে।

মেইন পরীক্ষায় পাশ করলে প্রার্থীকে শেষ ধাপ অর্থাৎ পার্সোনালিটি টেস্ট দিতে হয়। পার্সোনালিটি টেস্টের ক্ষেত্রে A ও B বিভাগের জন্য ২০০ নম্বর, C বিভাগের জন্য ১৫০ নম্বর ও D বিভাগের জন্য ১০০ নম্বর বরাদ্দ আছে। মেইন পরীক্ষা ও পার্সোনালিটি টেস্টে পাওয়া নম্বরের ভিত্তিতেই চূড়ান্ত মেধাতালিকা তৈরি হয়। অনেকগুলি স্তর অতিক্রম করতে হলেও Hard Work ও Smart Work-এর সংমিশ্রণে সঠিক পরিকল্পনামাফিক প্রস্তুতি নিলে WBCS পরীক্ষায় সাফল্য পাওয়া সম্ভব হবেই। সকলের জন্য শুভ কামনা রইল।

## রামকৃষ্ণ মিশন শিল্পমন্দিরে পলিটেকনিকের ডিপ্লোমা কোর্সে ভরতি

**নিজস্ব সংবাদদাতা** : রামকৃষ্ণ মিশন শিল্পমন্দির 2023-24 **(AICTE & WBSCT & VE & SD অনুমোদিত)** সিভিল ইঞ্জিনিয়ারিং (60), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (60), ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং (40) ও ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (60) কোর্সে ভর্তি নিচ্ছে। গড়ে 50% নম্বর পেয়ে মাধ্যমিক বা, সমতুল পরীক্ষা পাশ ও সেই সঙ্গে অঙ্ক ও ভৌত বিজ্ঞানে গড়ে 50% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। শুধুমাত্র ছেলেরাই যোগ্য। বয়স হতে হবে 01.07.2023 এর হিসাবে সর্বোচ্চ 21 বছর বয়সের মধ্যে। অনলাইন আবেদন জমা দেওয়ার শেষ দিন 30 এপ্রিল। প্রার্থী বাছাই করা হবে শিল্পমন্দির অ্যাডমিশন টেস্ট (SAT) 2023 পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে জেক্সপো 2023 পরীক্ষার ঠিক 1 সপ্তাহ আগে। পরীক্ষার ফলাফল কলেজের ওয়েবসাইটে প্রকাশ করা হবে। কাউন্সেলিংয়ের দিন ও চূড়ান্ত ফলাফলের দিনও পরে জানানো হবে। আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে : http://www.shilpamandira.org গত বছরের সফল প্রার্থীদের 100% প্লেসমেন্ট হয়েছে। চাকরি হয়েছে ব্লু স্টার, ভোল্টাস, টাটা মোটরস, জিন্ডাল, আদিত্যবিরলা, আইটিসি, টাইটান, উইপ্রো, ইনফোসিসের মতো শিল্প সংস্থায়।

## সেনাবাহিনীর অগ্নিবীর / নার্সিং

**বিশেষ প্রতিনিধি** : সেনাবাহিনীর অগ্নিবীর ও নার্সিং এর online application চলছে। প্রথমেই লিখিত পরীক্ষা। লিখিত পরীক্ষা 17ই এপ্রিল থেকে। বিবেকানন্দ আশ্রমিক কোচিং সেন্টার / শংকরদার কোচিং সেন্টারে ক্লাস শুরু হয়ে গেছে। প্রতিটি Trade এর জন্য সুদক্ষ শিক্ষক শিক্ষিকা দ্বারা প্রতিদিন 2/3 টে করে ক্লাস করানো হচ্ছে। সঙ্গে উন্নতমানের common যোগ্য Notes, Mock test পরীক্ষার আগে অন্তত 20টি Mock test নেওয়া হবে। 2022 সালে অগ্নিবীর 250 জন এর বেশী ছাত্র চাকরি পেয়েছে। সেনাবাহিনীর অগ্নিবীর ক্লাস শুধুমাত্র হেড অফিস, উত্তরবঙ্গ ও বেথুয়াডহরীতে করানো হচ্ছে। Written exam এর প্রস্তুতির পাশাপাশি 18 বছরের অভিজ্ঞতা সম্পন্ন Physical Trainer দ্বারা Physical করানো হচ্ছে। দুরাবর্তীদের জন্য রয়েছে স্বল্প খরচে থাকা খাওয়ার ব্যবস্থা। বিশদ জানতে ফোন করুন — হেড অফিস : 9733894444, উত্তরবঙ্গ : 9073029569, বেথুয়াডহরী : 8972768870




## ৪২ ট্রেনি

**নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি** : কেন্দ্রীয় সরকারি সংস্থা, ইঞ্জিনিয়ার্স ইন্ডিয়া লিমিটেড 'ম্যানেজমেন্ট ট্রেনি' পদে ৪২ জন লোক নিচ্ছে। নেওয়া হবে এইসব ট্রেডে : কেমিক্যাল, মেকানিক্যাল, সিভিল, ইলেক্ট্রিক্যাল, ইন্সট্রুমেন্টেশন।কারা কোন ট্রেডে আবেদনের যোগ্য :

**ম্যানেজমেন্ট ট্রেনি -কনস্ট্রাকশন** : সিভিল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল বা, ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই. / বি.টেক. /বি.এসসি. -ইঞ্জিনিয়ারিং) কোর্স পাশরা মোট অন্তত ৬৫% নম্বর পেয়ে থাকলে যোগ্য। শূন্যপদ : মেকানিক্যালে ৭টি, সিভিলে ৭টি, ইলেক্ট্রিক্যালে ৪টি, ইন্সট্রুমেন্টেশন ৩টি।

**ম্যানেজমেন্ট ট্রেনি-আদার্স** : কেমিক্যাল, সিভিল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল বা, ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই. / বি.টেক. /বি.এসসি. -ইঞ্জিনিয়ারিং) কোর্স পাশরা মোট অন্তত ৬৫% নম্বর পেয়ে থাকলে যোগ্য। শূন্যপদ : কেমিক্যালে ৫টি, মেকানিক্যালে ৯টি, সিভিলে ২টি, ইলেক্ট্রিক্যালে ৩টি, ইন্সট্রুমেন্টেশন ২টি।

ওপরের সব ক্ষেত্রে ২০২৩ সালের 'গেট' পরীক্ষায় সফল হয়ে থাকতে হবে। বয়স হতে হবে ১-৭-২০২৩'র হিসাবে ২৫ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। ২০২২ ও ২০২৩ সালের পাশ প্রার্থীরাই আবেদনের যোগ্য। ২০২১ বা, তার আগে 'গেট' সফলরা যোগ্য নন। শুরুতে ১ বছরের ট্রেনিং। তখন স্টাইপেন্ড মাসে ৬০,০০০ টাকা। সফল হলে মূল মাইনে : ৬০,০০০-১,৮০,০০০ টাকা। এই পদের বিজ্ঞপ্তি নং : HRD/Rectt./Advt./2022-23/11.

প্রার্থী বাছাই হবে 'গেট-২০২৩' পরীক্ষায় পাওয়া স্কোর দেখে। এরপর গ্রুপ ডিসকাশন ও ইন্টারভিউ হবে। দরখাস্ত করবেন অনলাইনে, ১৪ মার্চ পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.engineersindia.com এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন।

## ২০ অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার

**নিজস্ব সংবাদদাতা, গান্ধীনগর** : ইন্টারন্যাশনাল ফিনান্সিয়াল সার্ভিস সেন্টার অথরিটি 'অফিসার গ্রেড-এ (অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার)' পদে ২০ জন লোক নিচ্ছে। স্ট্যাটিস্টিক্স, ইকনমিক্স, কমার্স, বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (ফিনান্স), ইকনমেট্রিক্স-এর মাস্টার ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। ইনফর্মেশন টেকনোলজি বা, কম্পিউটার সায়েন্সের ডিগ্রি কোর্স পাশরাও যোগ্য। কম্পিউটার অ্যাপ্লিকেশন বা, ইনফর্মেশন টেকনোলজির মাস্টার ডিগ্রি কোর্স পাশরাও যোগ্য। কমার্স শাখার গ্র্যাজুয়েটরা চার্টার্ড অ্যাকাউন্ট্যান্সি, চার্টার্ড ফিনান্সিয়াল অ্যাকাউন্ট্যান্সি, কোম্পানি সেক্রেটারি বা, আই.সি.ডব্লু.এ. কোর্স পাশরা কিংবা আইনের ডিগ্রি কোর্স পাশরাও যোগ্য। বয়স হতে হবে ১-২-২০২৩'এর হিসাবে ৩০ বছরের মধ্যে। তপশিলী, ও.বি.সি.'রা যথারীতি বয়সে ছাড় পাবেন। শুরুতে ২ বছরের প্রবেশন। মূল মাইনে : ৪৪,৫০০-৮৯,১৫০ টাকা। শূন্যপদ : ২০টি (জেনাঃ ১০, ও.বি.সি. ৫, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)।

প্রার্থী বাছাই হবে অনলাইন (ফেজ-। ও ফেজ-।।) পরীক্ষার মাধ্যমে। ফেজ -। পরীক্ষা হবে মার্চ-এপ্রিলে। এই পরীক্ষায় ২০০ নম্বরের ১২০ মিনিটের ২টি পেপার থাকবে। নেগেটিভ মার্কিং আছে। সফল হবে ফেজ-।।'এর পরীক্ষা হবে। এই পরীক্ষা ২০০ নম্বরের ২ ঘন্টার পরীক্ষায় ২টি পেপার থাকবে। নেগেটিভ মার্কিং আছে। এরপর হবে ইন্টারভিউ। পরীক্ষা হবে কলকাতা, শিলিগুড়ি, পটনা, ভুবনেশ্বর, গুয়াহাটি, আগরতলায়।

দরখাস্ত করবেন অনলাইনে, ৩ মার্চের মধ্যে। এই ওয়েবসাইটে : www.ifsca.gov.in এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার, লেফট থাম্ব ইমপ্রেশন ও হ্যান্ড রিটেন ডিক্লারেশন স্ক্যান করে নেবেন। হ্যান্ড রিটেন ডিক্লারেশনটি হল : 'I..... (Name of the candidate), hereby declare that all the information submitted by me in the application form is correct, true and valid. I will present the supporting documents as when required'. প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ১,০০০ (তপশিলী হলে ১০০) টাকা অনলাইনে জমা দিতে হবে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

করোনার ধাক্কায়ও
কর্মসংস্থান
কুপোকাত হয়নি
সারা ভারতের সব ভাষার
পত্রিকা ও একমাত্র সাপ্তাহিকের মধ্যে
সেই ১ নম্বরেই*
আর করোনাকালে বিক্রিতে
মাত্র ৬%* পার্থক্য রেখে
সারা দেশে নজির গড়েছে
কর্মসংস্থান
স্বনির্ভর কর্মসংস্থান বা চাকরি। ভরসা কর্মসংস্থান
*As per comparative study of ABC Report of July-Dec, 2019 and Jan-Jun, 2022


পশ্চিমবঙ্গ তপশিলী জাতি, আদিবাসী এবং অন্যান্য অনগ্রসর শ্রেণী উন্নয়ন ও বিত্ত নিগম
(পশ্চিমবঙ্গ সরকারের অধীন একটি সংস্থা)
সিএফ ২১৭/এ/১, সেক্টর-১, সল্টলেক, কলকাতা- ৭০০০৬৪
তপশিলী জাতিভুক্ত যুবক/যুবতীদের কর্মসংস্থানের জন্য বিনাব্যয়ে অনাবাসিক প্রশিক্ষণের সুযোগ

| বিষয় | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|
| Retail Team Leader (RAS/Q0105) | উচ্চ মাধ্যমিক পাস |

যোগ্যতা : বয়স ১৮-৩৫ বছর। পারিবারিক বার্ষিক আয় : ৩ লাখ টাকার মধ্যে।

| জেলা | প্রশিক্ষণ কেন্দ্রের ঠিকানা | আসন সংখ্যা |
|---|---|---|
| কলকাতা | 1, Dimple court, 1st floor, 26, Shakespeare Sarani, Kolkata- 700017 | 100 |
| হুগলি | 1 No. Vivekanandda Road, Post Office Nabagram, P.S Uttarpara, Dist- Hooghly, Pin- 712246 | 70 |
| দক্ষিণ ২৪ পরগনা | 1582, Rajdanga Main Road Southend Conclave, Space No- 102 & 103, Kolkata- 700107 | 60 |
| হাওড়া | Salkia, Near Parijat Cinema, Howrah- 711106 | 70 |

অনলাইনে সরাসরি আবেদন করুন এই ঠিকানায় : www.wbbcdev.gov.in
বিশদ জানতে যোগাযোগ করুন : 7595049568 / 7595049569 / 7595049570।
আবেদনের শেষ তারিখ- ২০.০৩.২০২৩
cmi রূপায়নে : CMI LEARNING & DEVELOPMENT PVT. LTD. Dimple Court, 1st Floor, 26 Shakespeare Sarani, Kolkata- 700017



## ডব্লু.বি.সি.এস-এর দরখাস্ত

১ পাতার পর

অ্যাসিস্ট্যান্ট কমিশনার অফ রেভেনিউ ইন দ্য ইন্টিগ্রেটেড ওয়েস্ট বেঙ্গল রেভেনিউ সার্ভিস। মূল মাইনে : ৫৬,১০০-১,৪৪,৩০০ টাকা। (৩) ওয়েস্ট বেঙ্গল কো-অপারেটিভ সার্ভিস। মূল মাইনে : ৫৬,১০০-১,৪৪,৩০০ টাকা। (৪) ওয়েস্ট বেঙ্গল লেবার সার্ভিস। মূল মাইনে : ৫৬,১০০-১,৪৪,৩০০ টাকা। (৫) ওয়েস্ট বেঙ্গল ফুড অ্যান্ড সাপ্লাই সার্ভিস। মূল মাইনে : ৫৬,১০০-১,৪৪,৩০০ টাকা। (৬) ওয়েস্ট বেঙ্গল এমপ্লয়মেন্ট সার্ভিস (এমপ্লয়মেন্ট অফিসার-টেকনিক্যাল পদ ছাড়া)। মূল মাইনে : ৫৬,১০০-১,৪৪,৩০০ টাকা। ওপরের সব পদের বেলায় গ্রেড পে ৫,৪০০ টাকা।

**'বি' গ্রুপে নেওয়া হবে এই পদে ও মূল মাইনে** : ওয়েস্ট বেঙ্গল পুলিশ সার্ভিস। মূল মাইনে : ৫৬,১০০-১,৪৪,৩০০ টাকা। গ্রেড পে ৫,৪৭০০ টাকা।

**'সি' গ্রুপে নেওয়া হবে এইসব পদে ও মূল মাইনে** : (১) সুপারিন্টেন্ডেন্ট, ডিস্ট্রিক্ট কারেকশনাল হোম / ডেপুটি সুপারিন্টেন্ডেন্ট, সেন্ট্রাল কারেশনাল হোম। মূল মাইনে : ৪২,৬০০-১,০৯,৮০০ টাকা। গ্রেড পে ৪,৮০০ টাকা। (২) জয়েন্ট ব্লক ডেভেলপমেন্ট অফিসার। মূল মাইনে : ৩৯,৯০০-১,০২,৮০০ টাকা। গ্রেড পে ৪,৭০০ টাকা। (৩) ডেপুটি অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর অফ কনজিউমার অ্যাফেয়ার্স অ্যান্ড ফেয়ার। মূল মাইনে : ৩৯,৯০০-১,০২,৮০০ টাকা। গ্রেড পে ৪,৭০০ টাকা। (৪) ওয়েস্ট বেঙ্গল জুনিয়র সোশ্যাল ওয়েলফেয়ার সার্ভিস। মূল মাইনে : ৩৯,৯০০-১,০২,৮০০ টাকা। গ্রেড পে ৪,৭০০ টাকা। (৫) ওয়েস্ট বেঙ্গল সাব-অর্ডিনেট ল্যান্ড রেভেনিউ সার্ভিস, গ্রেড-I. মূল মাইনে : ৩৯,৯০০-১,০২,৮০০ টাকা। (৬) অ্যাসিস্ট্যান্ট কমার্শিয়াল ট্যাক্স অফিসার। মূল মাইনে : ৩৯,৯০০-১,০২,৮০০ টাকা। (৭) জয়েন্ট রেজিস্ট্রার (ওয়েস্ট বেঙ্গল স্টেট কনজিউমার ডিসপিউট রিড্রেশাল কমিশন)। মূল মাইনে : ৩৯,৯০০-১,০২,৮০০ টাকা। গ্রেড পে ৪,৭০০ টাকা। (৮) অ্যাসিস্ট্যান্ট ক্যানাল রেভেনিউ অফিসার (ইরিগেশন)। মূল মাইনে : ৩৫,৮০০-৯২,১০০ টাকা। গ্রেড পে ৪,৭০০ টাকা। (৯) চিফ কন্ট্রোলার অফ কারেকশনাল সার্ভিস। মূল মাইনে : ৩৫,৮০০-৯২,১০০ টাকা। গ্রেড পে ৪,৪০০ টাকা।

**'ডি' গ্রুপে নেওয়া হবে এইসব পদে ও মূল মাইনে** : (১) ইন্সপেক্টর অফ কো-অপারেটিভ সোসাইটি। মূল মাইনে : ৩২,১০০-৮২,৯০০ টাকা। (২) পঞ্চায়েত ডেভেলপমেন্ট অফিসার। মূল মাইনে : ৩২,১০০-৮২,৯০০ টাকা। (৩) রিহ্যাবিলাইটেশন অফিসার। মূল মাইনে : ৩২,১০০-৮২,৯০০ টাকা। সব পদের বেলায় গ্রেড পে ৩,৯০০ টাকা।

**শিক্ষাগত যোগ্যতা** : কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন।

**বয়স** : বয়স হতে হবে 'এ' ও 'সি' গ্রুপের বেলায় ২১ থেকে ৩৬ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ২-১-১৯৮৭ থেকে ১-১-২০০২'এর মধ্যে। আর 'বি' গ্রুপের বেলায় ২০ থেকে ৩৬ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ২-১-১৯৮৭ থেকে ১-১-২০০৩'এর মধ্যে। আর 'ডি' গ্রুপের বেলায় ২১ থেকে ৩৯ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ২-১-১৯৮৩ থেকে ১-১-২০০১'এর মধ্যে। সব ক্ষেত্রেই বয়স গুণতে হবে ১-১-২০২৩'এর হিসাবে। শুধুমাত্র 'গ্রুপ-বি' পদের বেলায় শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ছেলেদের ক্ষেত্রে ১.৬৫ মিটার ও মেয়েদের ক্ষেত্রে ১.৫০ মিটার। অন্যান্য গ্রুপের বেলায় শরীরের মাপজোখের কোনো কড়াকড়ি নেই।

পশ্চিমবঙ্গের তপশিলী সম্প্রদায়ের প্রার্থীরা ৫ বছর, ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর ও দৈহিক প্রতিবন্ধীরা (৪০% বা, তার বেশি প্রতিবন্ধকতা থাকলে) যথারীতি বয়সে ছাড় পাবেন। পশ্চিমবঙ্গ ছাড়া অন্যান্য রাজ্যের ও.বি.সি. ও তপশিলী সম্প্রদায়ের ছেলেমেয়েরা বয়সে কোনো ছাড় পাবেন না। তবে তাঁরা 'সাধারণ প্রার্থী' হিসাবে আবেদন করতে পারবেন। বাংলা ভাষায় লিখতে, পড়তে ও বলতে পারা দরকার। তবে দার্জিলিং জেলার পার্বত্য এলাকার প্রার্থীদের বেলায় নেপালী ভাষায় লিখতে, পড়তে ও বলতে পারা দরকার। ওপরের সব গ্রুপের বেলায় শূন্যপদের সংখ্যা পরীক্ষার পর জানানো হবে। এই পদের বিজ্ঞপ্তি নং : 01/2023.

**প্রার্থী বাছাই পদ্ধতি** : প্রার্থী বাছাই এরপর ১৩ পাতায়

## ভারত ইলেক্ট্রনিক্সে ৩০ ট্রেনি ইঞ্জিনিয়ার

**নিজস্ব সংবাদদাতা** : ভারত ইলেক্ট্রনিক্স লিমিটেড 'ট্রেনি ইঞ্জিনিয়ার' ও 'প্রোজেক্ট ইঞ্জিনিয়ার' পদে ৩০ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**ট্রেনি ইঞ্জিনিয়ার-I** : ইলেক্ট্রনিক্স, মেকানিক্যাল, কম্পিউটার সায়েন্স, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৫৫% (তপশিলী, প্রতিবন্ধী হলে পাশ নম্বর পেয়ে থাকতে হবে) নম্বর পেয়ে থাকলে যোগ্য। সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ বছরের পোস্ট-কোয়ালিফিকেশন অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ২৮ বছরের মধ্যে। স্টাইপেন্ড প্রথম বছর ৩০,০০০ টাকা, দ্বিতীয় বছর ৩৫,০০০ টাকা ও তৃতীয় বছর ৪০,০০০ টাকা। শূন্যপদ : মেকানিক্যাল ৬টি (জেনাঃ ২, ও.বি.সি. ২, তঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)। ইলেক্ট্রনিক্স ৪টি (জেনাঃ ১, ও.বি.সি. ১, তঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)। কম্পিউটার সায়েন্স ১টি (জেনাঃ)। ইলেক্ট্রিক্যাল ৫টি (জেনাঃ ২, ও.বি.সি. ২, তঃউঃজাঃ ১)।

**প্রোজেক্ট ইঞ্জিনিয়ার -I** : ইলেক্ট্রনিক্স, মেকানিক্যাল, সিভিল, ইলেক্ট্রিক্যাল বা, কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৫৫% (তপশিলী, প্রতিবন্ধী হলে পাশ নম্বর পেয়ে থাকতে হবে) নম্বর পেয়ে থাকলে যোগ্য। সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের পোস্ট-কোয়ালিফিকেশন অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ৩২ বছরের মধ্যে। স্টাইপেন্ড প্রথম বছর ৪০,০০০ টাকা, দ্বিতীয় বছর ৪৫,০০০ টাকা, তৃতীয় বছর ৫০,০০০ টাকা ও চতুর্থ বছর ৫৫,০০০ টাকা। শূন্যপদ : মেকানিক্যাল ৬টি (জেনাঃ ২, ও.বি.সি. ১, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১)। ইলেক্ট্রনিক্স ৬টি (জেনাঃ ২, ও.বি.সি. ২, তঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)। ইলেক্ট্রিক্যাল ১টি (জেনাঃ)।

সব ক্ষেত্রে বয়স গুণতে হবে ১-২-২০২৩'এর হিসাবে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন।

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে পুণেতে। ৮৫ নম্বরের পরীক্ষায় সফল হলে মোট শূন্যপদের ৫ গুণ প্রার্থীকে ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে। লিখিত পরীক্ষায় ৩৫% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৩০%) নম্বর পেলে সফল হবেন।

দরখাস্ত করবেন অনলাইনে, ৮ মার্চের মধ্যে। এই লিঙ্কে ক্লিক করে। প্রোজেক্ট ইঞ্জিনিয়ার ট্রেডের বেলায় এই লিঙ্কে : https://docs.google.com/forms/d/e/1FAIpQLScyIBJNHOFDhhRnMJBQyuKGQqEGSHKILCqEjVTMEZ2VplDalA/viewform?usp=sf_link

ট্রেনি ইঞ্জিনিয়ার ট্রেডের বেলায় এই লিঙ্কে : https://docs.google.com/forms/d/e/1FAIpQLSeJqjlsGs8sncmEmDMzJFoo47gSYXBxXgdGfOkBcNIeAeVG_Q/viewform?usp=sf_link এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। প্রথমে যাবতীয় প্রমাণপত্র স্ক্যান করে রাখবেন। তারপর ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য আপলোড করে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ট্রেনি ইঞ্জিনিয়ার-I পদের বেলায় ১৭৭ আর প্রোজেক্ট ইঞ্জিনিয়ার পদের বেলায় ৪৭২ টাকা অনলাইনে এস.বি.আই. কালেক্টে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।


তাহেরপুর কবিতা কুটির আশ্রমিক ইনস্টিটিউট

৮০জি ধারায় আয়কর মুক্ত শিক্ষা প্রতিষ্ঠান। সরকারি চাকরির প্রথম শ্রেণির কোচিং সেন্টার (তাহেরপুর, নদীয়া)

প্রতিষ্ঠাতা আচার্য ভবদেব (প্রাক্তন সিভিল সার্ভেন্ট), প্রবাদ প্রতিম অফিসার-কাম প্রফেসর



যে প্রতিষ্ঠানের কর্তৃপক্ষ সিভিল সার্ভেন্টগণই। পিতাপুত্র, জামাতা সবাই সিভিল সার্ভেন্ট (I.A.S, W.B.C.S-সহ)। এদের সুদক্ষ প্রশিক্ষণে ও নির্দেশে চলে কবিতা কুটির আজ সরকারি চাকরির প্রথম শ্রেণির শ্রেষ্ঠ কোচিং সেন্টারে পরিণত। শুধু কোচিং নয়, এটি মানুষ গড়ার কারখানা। 'অফিসার-মেকার'গণই এখানে পড়ান। সত্বর ভর্তি হোন —

WBCS প্রিলি.'র নতুন বিজ্ঞপ্তি বেরোল। ফর্ম ফিলাপ শুরু ২৮ ফেব্রুয়ারি থেকে। নতুন ব্যাচে ভর্তি শুরু হয়েছে। বাংলা, নৃতত্ত্ব ও ইতিহাস অপশনাল বিষয় গ্যারান্টি সহকারে পড়ানো হয়।

I.A.S, I.P.S, Police, কেন্দ্রীয় বাহিনী ও অগ্নিবীর প্রকল্পে ভর্তি নেওয়া হচ্ছে। গ্র্যাজুয়েটগণ ও দ্বাদশ শ্রেণি উত্তীর্ণরাও ভর্তি হতে পারেন।

অনলাইন ক্লাস
দূরবর্তী ছাত্রছাত্রীদের জন্য 'কবিতা কুটির' অনলাইন ক্লাসের ব্যবস্থা করেছে। নতুন ব্যাচে ভর্তি চলছে। নিশ্চিত সাফল্য পেতে এখনই নিচের নম্বরে যোগাযোগ করুন।

জ্ঞাতব্য : IAS, IPS পরীক্ষায় Essay পেপার-সহ অন্য সমস্ত পেপারই বাংলা, সাঁওতালী ইত্যাদি ২২টি সাংবিধানিক ভাষায় দেওয়া যায়। ইন্টারভিউও বাংলায় দেওয়া যায়। WBCS-এ শুধু ইংরিজি পত্র বাদে আর সবই বাংলায় দেওয়া যায়। ইন্টারভিউও বাংলায় দেওয়া যায়। বিশদ জানতে আচার্যদেবের সঙ্গে যোগাযোগ করুন।

মেরিট টেস্টের মাধ্যমে সব কোর্সেই উল্লেখযোগ্য ছাড় দেওয়া হচ্ছে।

যেকোনো পরীক্ষার মক ইন্টারভিউয়ের জন্য যোগাযোগ করুন।



পুলিশের ছাত্রছাত্রীদের থাকার জন্য কবিতা কুটিরের নিজস্ব হোস্টেল



কবিতা কুটিরে নিজস্ব মাঠে মাঠ প্রশিক্ষণ চলছে।

অভিজ্ঞ ট্রেনার দ্বারা মাঠ পরীক্ষার ট্রেনিং দেওয়া হয়

আমাদের দেখুন
ইউ টিউব ফেসবুক, টুইটার, ইনস্টাগ্রাম, টেলিগ্রাম
kabita kutir Ashramic Institute-Achariya Bhabadeb
kabitakutir.website2.me

আশ্রমিক কার্যালয় — তাহেরপুর (নদিয়া) : 9474764885
7029463383, 8536920172, 9734155542

তপশিলী জাতি, উপজাতি, ও.বি.সি আর সংখ্যালঘুদের ভর্তিতে বিশেষ ছাড়

## আর্মিতে মহিলা অগ্নিবীর

১ পাতার পর

মোট অন্তত ৪৫% নম্বর পেয়ে মাধ্যমিক পাশ মেয়েরা মাধ্যমিকের প্রতিটি বিষয়ে অন্তত ৩৩% (অতিরিক্ত বিষয় ছাড়া) নম্বর পেয়ে থাকলে এই পদের জন্য যোগ্য। হাল্কা গাড়ি চালানোর বৈধ লাইসেন্স থাকলে অগ্রাধিকার পাবেন। বয়স হতে হবে সাড়ে ১৭ থেকে ২১ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬২ সেমি আর উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ ওজন থাকতে হবে। সেনাবাহিনীতে কর্মরত সৈনিক বা, প্রাক্তন সমরকর্মীর মেয়েরা উচ্চতায় ২ সেমি, ওজনে ২ কেজি ও মেধাবী খেলোয়াড়রা উচ্চতায় ২ সেমি আর ওজনে ৫ কেজি ছাড় পাবেন।

'অগ্নিবীর'দের ৪ বছরের জন্য নিয়োগ করা হবে। চাকরি হবে চুক্তিতে। শুরুতে ৬ মাসের মিলিটারি ট্রেনিং। ট্রেনিং চলার সময় স্টাইপেন্ড পাবেন।

প্রথম বছর মাইনে পাবেন মাসে ৩০,০০০ টাকা। এর মধ্যে হাতে পাবেন ২১,০০০ টাকা। বাকি ৯,০০০ টাকা 'অগ্নিবীর করপাস ফান্ডে' জমা হবে। সম পরিমাণ টাকা অর্থাৎ, ৯,০০০ টাকা কেন্দ্রীয় সরকার করপাস ফান্ডে দেবে।

দ্বিতীয় বছর মাইনে পাবেন মাসে ৩৩,০০০ টাকা। এর মধ্যে হাতে পাবেন ২৩,১০০ টাকা। বাকি ৯,৯০০ টাকা 'অগ্নিবীর করপাস ফান্ডে' জমা হবে। সম পরিমাণ টাকা অর্থাৎ, ৯,৯০০ টাকা কেন্দ্রীয় সরকার করপাস ফান্ডে দেবে।

তৃতীয় বছর মাইনে পাবেন মাসে ৩৬,৫০০ টাকা। এর মধ্যে হাতে পাবেন ২৫,৫৫০ টাকা। বাকি ১০,৯৫০ টাকা 'অগ্নিবীর করপাস ফান্ডে' জমা হবে। সম পরিমাণ টাকা অর্থাৎ, ১০,৯৫০ টাকা কেন্দ্রীয় সরকার করপাস ফান্ডে দেবে।

চতুর্থ বছর মাইনে পাবেন মাসে ৪০,০০০ টাকা। এর মধ্যে হাতে পাবেন ২৮,০০০ টাকা। বাকি ১২,০০০ টাকা 'অগ্নিবীর করপাস ফান্ডে' জমা হবে। সম পরিমাণ টাকা অর্থাৎ, ১২,০০০ টাকা কেন্দ্রীয় সরকার করপাস ফান্ডে দেবে।

এছাড়াও অগ্নিবীরদের নন-কনট্রিবিউটরি স্কিমে ৪৮ লাখ টাকার জীবন বিমা করিয়ে দেওয়া হবে। মৃত্যুকালীন দুর্ঘটনা হলে প্রায় ১ কোটি টাকা দেওয়া হবে। শরীরের ৭৫% ক্ষতি হলে ২৫ লাখ আর ৫০% ক্ষতি হলে ১৫ লাখ টাকা পাবেন। সেইসঙ্গে রিস্ক, হার্ডশিপ, রেশন, পোশাক, ভ্রমণ ভাতা দেওয়া হবে। এছাড়াও বছরে ৩০ দিন ছুটি থাকবে। সেইসঙ্গে মেডিক্যাল লিভ-ও পাওয়া যাবে।

৪ বছর চাকরি করার পর ২৫% প্রার্থীকে পরীক্ষা দিয়ে ১৫ বছরের চাকরির জন্য কেন্দ্রীয় সরকারের স্থায়ী পদে নিয়োগ করা হবে জুনিয়র কমিশন্ড অফিসার বা, অন্য র‍্যাঙ্কে। তখন রেগুলার কর্মীর মতো পেনশনও পাবেন। বাকি ৭৫% কর্মীকে 'অগ্নিবীর স্কিল সার্টিফিকেট' দিয়ে চাকরি থেকে ছুটি দেওয়া হবে। তখন নিজের প্রাপ্য অগ্নিবীর করপাস ফান্ডের টাকা আর সরকারের দেওয়া করপাস ফান্ডের টাকা মিলিয়ে (সুদ-সহ) মোট প্রায় ১১ লাখ ৭১ হাজার টাকা এককালীন (এই প্যাকেজের নাম দেওয়া হয়েছে 'সেবা নিধি') দেওয়া হবে যা, আয়করে ছাড় দেওয়া হবে। এই সার্টিফিকেট দিয়ে অন্য কোনো সংস্থায় চাকরি পেতে পারেন কিংবা দ্বিতীয়বার কেরিয়ার তৈরির জন্য ব্যবসা করতে ঋণ পেতে পারেন। কোনো গ্র্যাচুইটি ও পেনশন নেই।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে অনলাইন কমন এন্ট্রান্স টেস্ট হবে ১৭ এপ্রিল থেকে। ৬০ মিনিটের পরীক্ষায় প্রশ্ন হবে এম.সি.কিউ. টাইপের। প্রশ্ন হবে ইংরিজি ও হিন্দিতে। এই পদে ৫০ নম্বরের পরীক্ষায় প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) জেনারেল নলেজ -১৫টি, (খ) জেনারেল সায়েন্স -১৫টি, (গ) অঙ্ক -১৫টি, (ঘ) লজিক্যাল রিজনিং-৫টি। অ্যাডমিট কার্ড ওয়েবসাইট থেকে ডাউনলোড করে নেবেন। নেগেটিভ মার্কিং আছে। অনলাইন পরীক্ষায় নির্দিষ্ট কোয়ালিফাই নম্বর পেলে শারীরিক মাপজোখ, শারীরিক সক্ষমতার পরীক্ষার জন্য ডাকা হবে। কোন রিক্রুটিং অফিসে কবে কোথায় শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষা হবে তা জানিয়ে দেওয়া হবে। ১০০ নম্বরের শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকবে — : ১.৬ (১ মাইল) কিমি দৌড়। ৭ মিনিট ৩০ সেকেন্ড থেকে ৮ মিনিটের মধ্যে সম্পূর্ণ করলে কোয়ালিফাই করতে পারবেন।

(২) ১০ ফুট জাম্প, (৪) ৩ ফুট হাই জাম্প। শারীরিক সক্ষমতার পরীক্ষায় সফল হলে ডাক্তারি পরীক্ষা হবে।

প্রাক্তন সমরকর্মীর মেয়ে ও প্রাক্তন সমরকর্মীরা আর খেলোয়াড়রা ২০, এন.সি.সি.'র 'বি' সার্টিফিকেট কোর্স পাশ হলে ১০, 'এ' সার্টিফিকেট কোর্স পাশ হলে ৫ নম্বর বোনাস হিসাবে পাবেন। এন.সি.সি.'র 'সি' সার্টিফিকেট কোর্স পাশ হলে ২০ নম্বর, 'সি' সার্টিফিকেট (রিপাব্লিক ডে প্যারেড হলে) ২৫ নম্বর পাবেন।

আন্তর্জাতিক স্তরের খেলোয়াড়রা ২০ নম্বর, রাজ্য স্তরের খেলোয়াড়রা ১৫ নম্বর, জেলা স্তরের খেলোয়াড়রা প্রথম বা, দ্বিতীয় পর্যায়ে খেলাধুলা করে থাকলে সরাসরি ১০ নম্বর, বিশ্ববিদ্যালয় স্তরের প্রথম ও দ্বিতীয় পর্যায়ের খেলোয়াড়রা ৫ নম্বর পাবেন।

শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষার দিন সঙ্গে নিয়ে যাবেন নিচের এইসব প্রমাণপত্রের মূল ও গেজেটেড অফিসারের প্রত্যয়িত করা ২ কপি জেরক্স :

(১) মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, গ্র্যাজুয়েট ও অন্যান্য কোনো যোগ্যতা থাকলে তার রেজিস্ট্রেশন সার্টিফিকেট, অ্যাডমিট কার্ড, মার্কশীট ও বোর্ড সার্টিফিকেট,

(২) গ্রাম সরপঞ্চ, গ্রাম প্রধান বা, চেয়ারম্যানের দেওয়া গোল স্ট্যাম্প (ডেজিগনেশন-সহ) মারা লেটার হেডে ৬ মাসের পুরনো ক্যারেক্টার সার্টিফিকেট (ফটো সাঁটা থাকতে হবে) (২১ বছরের কম বয়স হলে ওই ক্যারেক্টার সার্টিফিকেটে 'He is Unmarried' কথাটি লেখা থাকতে হবে),

(৩) নন-বেঙ্গলী প্রার্থীরা জেলাশাসক, অতিরিক্ত জেলাশাসক বা, এস.ডি.ও.'র দেওয়া বাসিন্দা / নেটিভেটি সার্টিফিকেট,

(৪) জেলাশাসক/ অতিরিক্ত জেলাশাসক, এস.ডি.এম., এস.ডি.ও.'র দেওয়া ১ বছরের পুরনো স্থায়ী বাসিন্দা সার্টিফিকেট ( Permanent Residential Certificate)।

(৫) তপশিলী উপজাতি (আদিবাসী)'রা দেবেন জেলা শাসক/ অতিরিক্ত জেলাশাসক, এস.ডি.এম., এস.ডি.ও.'র দেওয়া কাস্ট সার্টিফিকেট।

(৬) তিন মাসের মধ্যে তোলা ও প্রত্যয়িত ছাড়া ২০ কপি পাশপোর্ট মাপের রঙিন ফটো (ফটোর ব্যাকগ্রাউন্ড সাদা হতে হবে)। (৭) এন.সি.সি.'র 'এ', 'বি' বা, 'সি' সার্টিফিকেট, (৮) রাজ্য বা, জাতীয় পর্যায়ে খেলাধূলায় প্রথম বা, দ্বিতীয় স্থানাধিকারীর সার্টিফিকেট, (৯) সেনাবাহিনীতে কর্মরত বা, প্রাক্তন সমরকর্মীদের আত্মীয়-স্বজন ইত্যাদির দেওয়া রিলেশন্স সার্টিফিকেট ও ডিসচার্জ সার্টিফিকেট। (১০) নন-জুডিশিয়াল ১০ টাকার স্ট্যাম্প পেপারে নোটারিকে দিয়ে অ্যাটেস্টেড করিয়ে নেবেন। (১১) সিঙ্গল ব্যাঙ্ক অ্যাকাউন্ট, প্যান কার্ড, আধার কার্ড। (১২) ই-অ্যাডমিট কার্ডের প্রিন্ট আউট।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৫ মার্চের মধ্যে। এই ওয়েবসাইটে : www.joinindianarmy.nic.in এজন্য বৈধ মোবাইল নম্বর, ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও যাবতীয় প্রমাণপত্র, ফটো ও সিগনেচার ইত্যাদি স্ক্যান করে নেবেন। সঙ্গে আধার কার্ড রাখবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ২৫০ টাকা অনলাইনে জমা দেবেন। টাকা এস.বি.আই. লিঙ্কে, ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, নেট ব্যাঙ্কিং বা, ইউ.পি.আই. ভিমে জমা দিতে হবে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## WBCS 2023 বিজ্ঞপ্তি বেরোলো

**বিশেষ প্রতিনিধি :** বিবেকানন্দ আশ্রমিক কোচিং সেন্টার / শংকরদার কোচিং এর কলেজস্ট্রিট, বারাসাত ও শান্তিনিকেতনে WBCS ক্লাস শুরু হচ্ছে। দীর্ঘদিনের অভিজ্ঞতাসম্পন্ন শিক্ষক-শিক্ষিকা দ্বারা ক্লাস করানো হবে। পাবেন WBCS অফিসারদের Motivation, Guideline, Prelims, Mains, Personality Test, Optional সব বিষয়ে কোচিং থেকে সাহায্য পাবেন। সঙ্গে থাকছে উন্নতমানের Study Materials. বিশদ জানতে ফোন করুন — কলেজস্ট্রিট ক্যাম্পাস : 8759917417, 9073029569, বারাসাত : 9091003392, শান্তিনিকেতন : 9531712620

## রেলের ড্রাইভার, টেকনিশিয়ান, জুনিয়র ইঞ্জিনিয়ার ক্যাডারে কয়েক লাখ চাকরি

**নিয়োগ বিজ্ঞপ্তি কয়েক মাসের মধ্যেই**

**বিশেষ প্রতিনিধি, দমদম :** ২০২৩-২০২৪ এই বৎসরে কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সিতারমণ রেলবাজেটের উপর অনেক গুরুত্ব দিয়েছেন। খুব সম্ভবত এই বছরের মাঝ বরাবর ভারতীয় রেল-এর ALP, Technician & RRB-JE এর প্রচুর ভ্যাকান্সি বেরোনোর কথা। এই পরীক্ষা শেষবার ২০১৮ সালে হয়েছিল। ২০১৮ সালে এই পরীক্ষার অন্যতম সফল প্রতিষ্ঠান itee institute এর কর্ণধার সুরজিৎ কুমার ভৌমিক এর কাছে এই পরীক্ষা পদ্ধতি ও এতে সাফল্য পাওয়া নিয়ে জিজ্ঞাসা করায়, উনি বলেন যে "এই পরীক্ষা দুটি স্টেপ-এ হয়, CBT-1 এবং CBT-2. কিন্তু যারা ALP পরীক্ষা দেবে, তাদের CBT-2 অতিক্রম করার পর সাইকো টেস্ট দিতে হয়।" উনি আরো বলেন যে, 'প্রথমেই ছাত্রছাত্রীদের মনোনিবেশ ও অধ্যাবসায় দরকার এই পরীক্ষার জন্য। CBT-1 পরীক্ষাটি খুব সহজ হলেও, CBT-2 এর জেনারেল পেপার ও ট্রেড ভিত্তিক পেপার এতটা সহজ হয় না। আমাদের প্রতিষ্ঠানে মাত্র ২০ জন করে প্রতিটি ব্যাচ তৈরি হয়, যাতে প্রতিটি ছাত্রছাত্রীদের খুঁটিনাটি বিষয়গুলোর উপর জোর দিতে পারি। এছাড়াও দরকার প্রতিটি বিষয় নিয়ে সম্পূর্ণ মূল্যায়ণ। সাজেশন করে পড়লে এই পরীক্ষায় অতিক্রম করা খুব কঠিন। আমরা চেষ্টা করি যাতে প্রতিটি ব্যাচ থেকে সবাইকে সাফল্য পাওয়াতে, তাই আমরা অনেক ছাত্রছাত্রীদের একটা ব্যাচ-এ রাখি না।' itee institute এর ঠিকানা : 71/B সাউথ সিঁথি রোড, পেয়ারা বাগান মাঠ এর বিপরীত, দমদম জংশন থেকে হাঁটাপথ-এ ২ মিনিট। দূরভাষ 8910393989, 9830859046. এছাড়াও এই প্রতিষ্ঠানের অনলাইন পোর্টাল www.iteeonlineportal.com বা ইউটিউব চ্যানেল "itee" থেকে এখানকার ব্যাপারে বিশদে জানতে পারবেন। প্রসঙ্গত উল্লেখ্য, Rail এর এই পরীক্ষার জন্য Offline ও Online ব্যাচ ইতিমধ্যেই শুরু হয়ে গেছে।

## ব্যাঙ্কে ৫০০ ম্যানেজার

১ পাতার পর

প্রার্থী বাছাই হবে অনলাইন পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে পূর্ব ভারতে একমাত্র কলকাতায়। ১০০ নম্বরের ১০০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : রিজনিং - ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, ইংলিশ ল্যাঙ্গোয়েজ - ২০ নম্বরের ২০টি প্রশ্ন, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউট - ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, জেনারেল নলেজ - ২০ নম্বরের ২০টি প্রশ্ন। সময় থাকবে ৯০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। লিখিত পরীক্ষায় সফল হলে গ্রুপ ডিসকাশন, ইন্টারভিউ ও সাইকোমেট্রিক টেস্ট হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৪ মার্চের মধ্যে। এই ওয়েবসাইটে : www.bankofbaroda.co.in অনলাইনে দরখাস্ত করার সময়ে বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের রঙিন ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। অনলাইনে দরখাস্ত করার পর পরীক্ষা ফী বাবদ ৬০০ (তপশিলী ও প্রতিবন্ধী হলে ১০০) টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, ইন্টারনেট ব্যাঙ্কিং, ক্যাশ কার্ড বা, মোবাইল ওয়ালেটে জমা দেবেন।

এরপর 'সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম' প্রিন্ট আউট বের করে নিজের কাছে রেখে দেবেন। কোনো প্রমাণপত্র ডাকে পাঠাতে হবে না। ইন্টারভিউয়ের সময় যাবতীয় প্রমাণপত্রের মূল ও প্রত্যয়িত জেরক্স নিয়ে যাবেন।


**পশ্চিমবঙ্গ তপশিলী জাতি, আদিবাসী এবং অন্যান্য অনগ্রসর শ্রেণী উন্নয়ন ও বিত্ত নিগম**

(পশ্চিমবঙ্গ সরকারের অধীন একটি সংস্থা)

সি. এফ. ২১৭/এ/১, সেক্টর-১, সল্টলেক, কলকাতা- ৭০০০৬৪

**পশ্চিমবঙ্গ তপশিলী জাতি, আদিবাসী এবং অন্যান্য অনগ্রসর শ্রেণী উন্নয়ন ও বিত্ত নিগমের আর্থিক সহযোগিতায় তপশিলী জাতি ভুক্ত যুবক/যুবতী-দের কর্মসংস্থান ও স্বনির্ভরতার জন্য বিনা ব্যয়ে অনাবাসিক কর্মদক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ কর্মসূচীর অধীনে, আবেদন করতে পারেন নিম্নলিখিত কোর্সগুলির ক্ষেত্রে।**

যে সকল তপশিলী জাতিভুক্ত (SC) যুবক-যুবতীদের বয়স ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে এবং যাদের পারিবারিক বার্ষিক আয় ৩ লক্ষ টাকার মধ্যে তারা কর্মসংস্থান ও স্বনির্ভরতার লক্ষ্যে বিনা ব্যয়ে অনাবাসিক প্রশিক্ষণের সুযোগ নিতে পারেন।

**প্রয়োজনীয় কাগজ পত্র (Documents)**

জাতিগত শংসাপত্র বা কাস্ট সার্টিফিকেট এর প্রতিলিপি। আধার কার্ডের প্রতিলিপি (Aadhaar Card), ভোটার কার্ডের প্রতিলিপি (Voter Card), শিক্ষাগত যোগ্যতার প্রতিলিপি (Educational Qualification), বয়সের প্রমাণপত্র (Birth Certificate or Madhyamik Admit Card) ও পাশপোর্ট সাইজের ফোটো ৩ কপি (Passport Photo 3 copy)।

| | | | |
|---|---|---|---|
| 1. Sampling Tailor AMH / Q0701<br>2. Bridal Fashion Photographic Make-up Artist BWS / Q0301 | 10th Pass | **PURULIA**<br>Bright Future Skills Center 3rd Floor, Pragati Plaza, Ranchi Road, Purulia-723101 | 9609601781 / 9800605111 |
| 1.Sampling Tailor AMH / Q0701<br>2.Bridal Fashion Photographic Make-up Artist BWS / Q0301 | 10th Pass | **South 24 Parganas**<br>Bright Future Skills Center Badamtala (Mondol Para), Sonarpur, Kolkata-700150 | 9875563876 / 9123717293 |
| 1.Sampling Tailor AMH / Q0701<br>2.Bridal Fashion Photographic Make-up Artist BWS / Q0301 | 10th Pass | **South 24 Parganas**<br>Bright FutureSkills Center<br>K.P. Mondol Road, Chaksukdev, Bakrahat, Bishnupur, South 24 Parganas-743377 | 9230695262 / 7003329834 |
| Sampling Tailor AMH / Q0701 | 10th Pass | **HOOGHLY**<br>Bright FutureSkills Center 2nd Floor, Senco Gold Building, Arambagh Link Road, Near Axis Bank, Arambagh-712601 | 9732065605/ 8637882711 |
| Sampling Tailor AMH / Q0701 | 10th Pass | **JALPAIGURI**<br>Bright Future Skills Center 2nd Floor,4 No Gumti,Near Railway Fatak, Ward No-15, Jalpaiguri, Pin: 735101 | 8101559507/ 03561299970 |
| Sampling Tailor AMH / Q0701 | 10th Pass | **UTTAR DINAJPUR**<br>Bright Future Skills Center<br>Young Atheletic Club Building, Shimultola More, Kaliyaganj, Uttar Dinajpur -733129 | 9332645552/ 8509836405 |
| Sampling Tailor AMH / Q0701 | 10th Pass | **UTTAR DINAJPUR**<br>Bright Future Skills Center<br>Campus of Doeacc Computer, Near Power House Gate, Itahar, Uttar Dinajpur, 733128. | 7811949383/ 9475105003 |

অনলাইনে সরাসরি আবেদন করুন এই ঠিকানায় : www.wbbcdev.gov.in
বিশদ জানতে যোগাযোগ করুন : (০৩৩) ৪০৬১৬৪৫৫।

আবেদনের শেষ তারিখ - ৭ই মার্চ ২০২৩

**Name of The training Partner**
**Bright Future.Com Skills Pvt. Ltd.**

## পি.এস.সি.'র

■ *মোটর ভেহিক্যাল ইন্সপেক্টর (টেকনিক্যাল) পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা ও বয়স থাকা দরকার? প্রার্থী বাছাই পদ্ধতি জানাবেন। — সুরজ দুলে, বাগনি ডিহি, মঙ্গলপুর, পশ্চিম মেদিনীপুর। অর্ঘদ্বীপ সাহা, বড়শিমুলগুড়ি, কোচবিহার।*

■■ মাধ্যমিক পাশরা কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং বা, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। কোনো ওয়ার্কশপ /অটোমেটিভ ফ্যাক্টরি (অরিজিন্যাল ইকুইপমেন্ট ম্যানুফ্যাকচারার) /অথরাইজড ওয়ার্কশপ /সার্ভিস সেন্টারে অন্তত ২ বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। ভারি গাড়ি চালানোর বৈধ লাইসেন্স থাকতে হবে। বয়স হতে হবে ৩৯ বছরের মধ্যে। মূল মাইনে : ৭,১০০-৩৭,৬০০ টাকা ও গ্রেড পে ৪,১০০ টাকা। ১২০ নম্বরের ৯০ মিনিটের পরীক্ষায় মোটর ভেহিক্যাল ইন্সপেক্টর (নন-টেক) পদের বেলায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) জেনারেল ইংলিশ - ২০টি, (খ) জেনারেল নলেজ -২০, (গ) টেস্ট অফ রিজনিং অ্যান্ড অ্যারিথমেটিক - ২০, (ঘ) অটোমোবাইল / মেকানিক্যাল অ্যাওয়ারনেস-৬০ নম্বর। সফল হলে পার্সোন্যালিটি টেস্ট।

■ *২০২৩ সালের ডব্লু.বি.সি.এস. প্রিলিমিনারি পরীক্ষার বিজ্ঞপ্তি কবে বেরোবে? জেনারেল কাস্টের প্রার্থীরা কতবার এই পরীক্ষা দিতে পারবেন? — সৌরভ সামন্ত, নন্দকুমারপুর, দক্ষিণ ২৪ পরগনা।*

■■ ২০২৩ সালের ডব্লু.বি.সি.এস. প্রিলি. পরীক্ষার বিজ্ঞপ্তি এ মাসেই বেরোবে। এই পরীক্ষা সব সম্প্রদায়ের প্রার্থীরা যতবার খুশি দিতে পারেন।

## সেনাবাহিনীর

■ *অগ্নিবীর পদের জন্য বয়স কত বছর হতে হবে? প্রতি বছরই কি বয়স সাড়ে ১৭ থেকে ২৩ বছর থাকবে? — তপন দাস, হাড়োয়া, উত্তর ২৪ পরগনা। সৌভিক হালদার, ৪৯২/১, কাঁকপুল, অশোকনগর, উত্তর ২৪ পরগনা।*

■■ বয়স হতে হবে সাড়ে ১৭ থেকে ২১ বছরের মধ্যে। গত বছর এই পদে নিয়োগ হয়েছিল সাড়ে ১৭ থেকে ২৩ বছর বয়সি ছেলেদের থেকে। করোনার জন্য গত বছর ২ বছর বয়সে ছাড় দেওয়া হয়েছিল। কিন্তু এবছর থেকে কোনো ছাড় দেওয়া হয়নি।

■ *অগ্নিবীর পদের অনলাইন পরীক্ষা কবে হবে ও কী কী বিষয় থাকবে? — স্বপন মান্না, আওয়ালসিদ্ধি, আমডাঙ্গা, উত্তর ২৪ পরগনা।*

■■ প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে অনলাইন কমন এন্ট্রান্স টেস্ট হবে ১৭ এপ্রিল থেকে, সারা ভারতের প্রায় ২০০টি অনলাইন পরীক্ষা কেন্দ্রে। ৬০ মিনিটের পরীক্ষায় প্রশ্ন হবে এম.সি.কিউ. টাইপের। প্রশ্ন হবে ইংরিজি ও হিন্দিতে।

অগ্নিবীর (জেনারেল ডিউটি) পদে ৫০ নম্বরের পরীক্ষায় প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) জেনারেল নলেজ -১৫টি, (খ) জেনারেল সায়েন্স -১৫টি, (গ) অঙ্ক -১৫টি, (ঘ) লজিক্যাল রিজনিং-৫টি।

অগ্নিবীর ক্লার্ক ও স্টোরকীপার টেকনিক্যাল পদে ৫০ নম্বরের পরীক্ষায় প্রশ্ন হবে এইসব বিষয়ে :(ক) জেনারেল নলেজ -৫টি, (খ) জেনারেল সায়েন্স-৫টি, (গ) অঙ্ক -১০টি, (ঘ) কম্পিউটার সায়েন্স -৫টি, (ঙ) জেনারেল ইংলিশ - ২৫টি। অগ্নিবীর (টেকনিক্যাল) পদে ৫০ নম্বরের পরীক্ষায় প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) জেনারেল নলেজ -৫টি, (খ) ফিজিক্স -১৫টি, (গ) অঙ্ক - ১৫টি, (ঘ) কেমিস্ট্রি - ১০টি, (ঙ) লজিক্যাল রিজনিং - ৫টি। অ্যাডমিট কার্ড ওয়েবসাইট থেকে ডাউনলোড করে নেবেন।

## পশ্চিমবঙ্গ পুলিশে

■ *কলকাতা পুলিশে সাব-ইন্সপেক্টর ও লেডি সাব-ইন্সপেক্টর পদের বিজ্ঞপ্তি এবছর বেরোবে কি? — পার্থ ঘোষ, আমডাঙ্গা, উত্তর ২৪ পরগনা।*

■■ কলকাতা পুলিশে ১৮৮ জন সাব-ইন্সপেক্টর ও ১৬ জন লেডি সাব-ইন্সপেক্টর পদের বিজ্ঞপ্তি শিগগিরই বেরোবে। পরীক্ষা নেবে পুলিশ রিক্রুটমেন্ট বোর্ড।

## অন্যান্য চাকরির

■ *১১ ফেব্রুয়ারি সংখ্যায় দেওয়া হয়েছে কেন্দ্রে ১০ লাখ শূন্যপদে লোক নিয়োগ হবে রোজগার মেলা থেকে। আমি ফর্ম পূরণ করতে চাই। নিয়োগপদ্ধতি জানাবেন। — সুভাষ মণ্ডল উলা, সাঁকরাইল, হাওড়া।*

■■ রেল, প্রতিরক্ষা সংস্থা, স্বরাষ্ট্রমন্ত্রক, ডাকবিভাগ, রেভেনিউ বিভাগ -সহ একাধিক দফতরে প্রায় ১০ লাখ শূন্যপদ পূরণ করা হবে আগামী দেড় বছরের মধ্যে। এইসব শূন্যপদ পূরণ করা হবে সংশ্লিষ্ট বিভাগের অধীন রিক্রুটমেন্ট এজেন্সির মাধ্যমে। যেমন, রেলের নিয়োগ হবে রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে। কেন্দ্রীয় সরকারের এম.টি.এস., ক্লার্ক, ৮ বাহিনীর কনস্টেবল, অ্যাসিস্ট্যান্ট নিয়োগ করবে স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে। কেন্দ্রীয় সরকারের সেরা সেরা পদে নিয়োগ হবে ইউ.পি.এস.সি.'র মাধ্যমে। সংশ্লিষ্ট দফতর বিজ্ঞপ্তি দিয়ে দরখাস্ত নেওয়া শুরু করেছে। যে যে পদে বিজ্ঞপ্তি বেরোয়নি, সেগুলির বিজ্ঞপ্তি বেরোবে। ওইসব পদে নিয়োগ প্রক্রিয়া শেষ হলে নিয়োগপত্র দেওয়া হবে রোজগার মেলা করে। সারা দেশের বিভিন্ন কেন্দ্রে একটি নির্দিষ্ট সময়ে এই রোজগার মেলা করে কেন্দ্রীয় সরকার সফল প্রার্থীদের হাতে নিয়োগপত্র তুলে দিতে চায়। এটি কেন্দ্রীয় সরকারের পরিকল্পনা। তবে এই নয় যে সব পদেই নিয়োগপত্র রোজগার মেলাতে দেওয়া হবে।

## স্টাফ সিলেকশনের

■ *কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষার সিলেবাস সম্বন্ধে জানাবেন। — অর্ঘ্য নাথ, বারাসাত, উত্তর ২৪ পরগনা।*

■■ প্রার্থী বাছাই হবে ২টি ধাপে। প্রথম ধাপ (ফার্স্ট টায়ার) ও দ্বিতীয় ধাপের (সেকেন্ড টায়ার) পরীক্ষা হবে কম্পিউটার বেসড পরীক্ষা। এই পরীক্ষায় প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। সব পদের বেলায় প্রথম ধাপের (ফার্স্ট টায়ার) পরীক্ষায় ২০০ নম্বরের ১০০টি প্রশ্ন থাকবে এইসব বিষয়ে: (১) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং-৫০ নম্বরের ২৫টি প্রশ্ন, (২) জেনারেল অ্যাওয়ারনেস - ৫০ নম্বরের ২৫টি প্রশ্ন, (৩) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড -৫০ নম্বরের ২৫টি প্রশ্ন, (৪) ইংলিশ কম্প্রিহেনশন - ৫০ নম্বরের ২৫টি প্রশ্ন। মোট ১ ঘন্টার পরীক্ষা।

প্রথম ধাপের (ফার্স্ট টায়ার) পরীক্ষায় প্রতিটি পেপারে নির্দিষ্ট কোয়ালিফাইং নম্বর পেলে সফল হবেন ও দ্বিতীয় ধাপের (সেকেন্ড টায়ার) পরীক্ষা দিতে পারবেন।

দ্বিতীয় ধাপের (দ্বিতীয় টায়ার) পরীক্ষায় থাকবে ৩টি পেপার। প্রথম পেপারে সেশন-।'এ থাকবে ৩টি সেকশন। সেকশন-১'এ থাকবে ১৮০ নম্বরের ৬০টি প্রশ্ন। এই সব বিষয়ে : (ক) ম্যাথমেটিক্যাল এবিলিটি-৩০টি প্রশ্ন, (খ) রিজনিং অ্যান্ড জেনারেল ইন্টেলিজেন্স - ৩০টি প্রশ্ন। প্রতিটি প্রশ্নে থাকবে ৩ নম্বর।

সেকশন-২'এ থাকবে ২১০ নম্বরের ৭০টি প্রশ্ন। এইসব বিষয়ে : (ক) ইংলিশ ল্যাঙ্গোয়েজ ও কমপ্রিহেনশন-৪৫টি প্রশ্ন, (খ) জেনারেল অ্যাওয়ারনেস - ২৫টি প্রশ্ন। প্রতিটি প্রশ্নে থাকবে ৩ নম্বর। সেকশন-১ ও সেকশন-২-এ সময় থাকবে ১ ঘন্টা।

সেকশন-৩'এ থাকবে ৬০ নম্বরের ২০টি প্রশ্ন। কম্পিউটার নলেজ মডিউল-১। প্রতিটি প্রশ্নে থাকবে ৩ নম্বর। সময় থাকবে ১৫ মিনিট। দ্বিতীয় পেপারে ২০০ নম্বরের ১০০টি প্রশ্ন হবে স্ট্যাটিস্টিক্স বিষয়ে। প্রতিটি প্রশ্নে থাকবে ২ নম্বর। সময় থাকবে ২ ঘন্টা।

তৃতীয় পেপারে ২০০ নম্বরের ১০০টি প্রশ্ন হবে জেনারেল স্টাডিজ (ফিনান্স অ্যান্ড ইকনমিক্স বিষয়ে। প্রতিটি প্রশ্নে থাকবে ২ নম্বর। সময় থাকবে ২ ঘন্টা।

জুনিয়র স্ট্যাটিস্টিক্যাল অফিসার পদের বেলায় দ্বিতীয় ধাপের (সেকেন্ড টায়ার) পরীক্ষায় দ্বিতীয় পেপারের পরীক্ষা দিতে হবে।

অ্যাসিস্ট্যান্ট অডিট অফিসার বা, অ্যাসিস্ট্যান্ট অ্যাকাউন্টস অফিসার' পদের বেলায় দ্বিতীয় ধাপের (সেকেন্ড টায়ার) পরীক্ষায় তৃতীয় পেপারের পরীক্ষা দিতে হবে। দ্বিতীয় ধাপের (সেকেন্ড টায়ার) পরীক্ষা পরে জানানো হবে।

ওপরের ওইসব পেপারেই প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। প্রথম ও দ্বিতীয় ধাপের পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। টায়ার-।'এর বেলায় প্রতিটি প্রশ্নের ভুল উত্তর দিলে প্রাপ্ত নম্বর থেকে ০.৫০ নম্বর কাটা হবে। টায়ার-।।'এর বেলায় সেকশন-১, সেকশন-২ ও সেকশন -৩'এর মডিউল-১'এর প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। দ্বিতীয় পেপার ও তৃতীয় পেপারের প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.৫০ নম্বর কাটা হবে। ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট পদের বেলায় কম্পিউটারে ঘন্টায় ৮,০০০ কী ডিপ্রেশনের গতিতে ডাটা এন্ট্রি টেস্ট নেওয়া হবে।

# রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা এক নজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| অসম রাইফেলসে ট্রেডসম্যান | মাধ্যমিক, উচ্চমাধ্যমিক | ১২ | ১৯-৩-২৩ | www.assamrifles.gov.in |
| কলকাতা মেট্রো রেলে অ্যাপ্রেন্টিস | মাধ্যমিক, আই.টি.আই. | ১২৫ | ৬-৩-২৩ | www.mtp.indianrailways.gov.in |
| SGPGIMS-এ স্টাফ নার্স | নার্সিং যোগ্যতা | ৭৯০ | ১-৩-২৩ | www.sgpgims.org.in |
| BSF-এ নার্স, টেকনিশিয়ান | মাধ্যমিক, HS | ৯০ | ৪-৩-২৩ | https.rectt.bsf.gov.in |
| কাপুরথালা রেল কোচ ফ্যাক্টরিতে অ্যাপ্রেন্টিস | মাধ্যমিক ও আই.টি.আই. | ৫৫০ | ৪-৩-২৩ | www.rcf.indianrailways.gov.in |
| আই.ডি.বি.আই. ব্যাঙ্কে অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার | গ্র্যাজুয়েট ছেলেমেয়ের | ৬০০ | ২৮-২-২৩ | www.idbi.com |
| দিল্লির জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয়ে এম.টি.এস., অ্যাসিস্ট্যান্ট, স্টেনো | মাধ্যমিক ও গ্র্যাজুয়েট | ২৭৫ | ১০-৩-২৩ | http://recruitment.nta.nic.in |
| কলেজ অফ মিলিটারি ইঞ্জিনিয়ারিংয়ে ক্লার্ক, স্টোরকীপার, ড্রাইভার | মাধ্যমিক ও আই.টি.আই. | ১০০ | ৪-৩-২৩ | http://cmepune.edu.in |
| হেডকোয়ার্টার্স ২২ মুভমেন্ট কন্ট্রোল গ্রুপ মশালচি, ওয়াশারম্যান, বারবার | মাধ্যমিক | ১৩৫ | ৩-৩-২৩ | www.indianarmy.nic.in |
| হেডকোয়ার্টার্স ২২ মুভমেন্ট কন্ট্রোল গ্রুপ মশালচি, ওয়াশারম্যান, বারবার | মাধ্যমিক | ১৩৫ | ৩-৩-২৩ | www.indiannavy.nic.in |
| প্রতিরক্ষা সংস্থায় ট্রেডসম্যান স্কিল্ড | মাধ্যমিক ও আই.টি.আই. | ২৪৬ | ৩-৩-২৩ | www.indianarmy.nic.in |
| এইমস-ঋষিকেশে মেডিক্যাল রেকর্ড টেকনিশিয়ান | উচ্চমাধ্যমিক পেশাগত | ৩৮ | ২৭-৩-২৩ | https://aiimsr22.online registrationform.org |
| বি.এস.এফ.-এ হেড কনস্টেবল, সাব-ইন্সপেক্টর | মাধ্যমিক, HS ডিপ্লোমা | ১২৭ | ২৪-৩-২৩ | https://rectt.bsf.gov.in |
| গেইল ইন্ডিয়ায় এক্সিকিউটিভ ট্রেনি | ইঞ্জিনিয়ারিং ডিগ্রি | ৪৭ | ১৫-৩-২৩ | www.gailonline.com |
| ইন্ডিয়ান অয়েলের রিফাইনারি ডিভিশনে জুনিয়র অ্যাসিঃ | ডিগ্রি, ডিপ্লোমা | ৫২০ | ২০-৩-২৩ | www.iocl.com |
| আর্মিতে অগ্নিবীর | এইট, মাধ্যমিক, HS | - | ১৫-৩-২৩ | www.joinindianarmy.nic.in |

সাম্প্রতিক তথ্যে ভরা

# জিজ্ঞাসা

চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব প্রশ্নের উত্তর জানতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।

এই বিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এইনম্বরে : karmajiggasa@gmail.com ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।

এখন থেকে নতুন ভাবে
WBCS
পাশ করতে গেলে লাগবেই...
Appointment & Career News
রাজ্য সরকারের সিভিল সার্ভিস পরীক্ষায় গত ২ বছরে চাকরি পাওয়া আধিকারিকদের পরীক্ষা প্রস্তুতি, টিপস, স্টাডি মেটেরিয়াল, পরীক্ষা হলের স্ট্র্যাটেজি সহ একগুচ্ছ প্রতিবেদন নিয়ে বেরোল
ঘরে বসে সরাসরি পেতে যোগাযোগ করুন : 9830624170

## এমপ্লয়িজ প্রভিডেন্ট ফান্ডে ১ পাতার পর

বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনের মাস্টার ডিগ্রি, ম্যানেজমেন্টের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা, কোম্পানি সেক্রেটারি, চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট বা, কস্ট অ্যাকাউন্ট্যান্ট পাশ হলে আর কোনো প্রতিষ্ঠানে অ্যাডমিনিস্ট্রেশন, অ্যাকাউন্টস, লিগ্যাল সংক্রান্ত কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকলে ভালো হয়। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। শুরুতে ২ বছরের প্রবেশন। মূল মাইনে পে ম্যাট্রিক্স লেভেল ৮ অনুযায়ী। শূন্যপদ : ৪১৮ (জেনাঃ ২০৪, ই.ডব্লু.এস. ৫১, ও.বি.সি. ৭৮, তঃজাঃ ৫৭, তঃউঃজাঃ ২৮)। এর মধ্যে প্রতিবন্ধী ২৫টি। শুরুতে ২ বছরের প্রবেশন। চাকরি হবে নিউ দিল্লিতে। এই পদের ভ্যাকান্সি নং : 23025101725.

**অ্যাসিস্ট্যান্ট প্রভিডেন্ট ফান্ড কমিশনার** : যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। কোম্পানি ল, লেবার ল, পাব্লিক অ্যাডমিনিস্ট্রেশন-এর ডিপ্লোমা কোর্স পাশ হলে ভালো হয়। বয়স হতে হবে ৩৫ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, মেধাবী খেলোয়াড় আর বিভাগীয় প্রার্থীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে পে ম্যাট্রিক্স লেভেল ১০ অনুযায়ী। শূন্যপদ : ১৫৯ (জেনাঃ ৬৮, ই.ডব্লু.এস. ১৬, ও বি সি. ৩৮, তঃজাঃ ২৫, তঃউঃজাঃ ১২)। এর মধ্যে প্রতিবন্ধী ৮টি। শুরুতে ২ বছরের প্রবেশন। চাকরি হবে নিউ দিল্লিতে। এই পদের ভ্যাকান্সি নং . 23025102725.

প্রার্থী বাছাই করবে ইউনিয়ন পাব্লিক সার্ভিস কমিশন। এজন্য প্রথমে লিখিত পরীক্ষা (পেন ও পেপার বেসড) হবে। ২ ঘন্টার লিখিত পরীক্ষায় থাকবে অবজেক্টিভ টাইপের প্রশ্ন। নেগেটিভ মার্কিং আছে। সফল হলে ১০০ নম্বরের ইন্টারভিউ। পরীক্ষা হবে এইসব কেন্দ্রে : কলকাতা, কটক, দিসপুর, পটনা, রাঁচী, গ্যাংটক, আগরতলা, জোড়হাট, সম্বলপুর। পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত সিলেবাস ওয়েবসাইটে পাবেন। এই পদের বিজ্ঞপ্তি নং ৫১/২০২৩।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৭ মার্চের মধ্যে। এই ওয়েবসাইটে : www.upsconline.nic.in প্রথমে ফটো, সিগনেচার ও আই.ডি. প্রুফ স্ক্যান করে নেবেন। এবার ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ২৫ টাকা স্টেট ব্যাঙ্কের কোনো শাখায় বা, নেট ব্যাঙ্কিং, ডেবিট কার্ড বা, ক্রেডিট কার্ডে জমা দেবেন। কোনো প্রার্থী দু'টি পদের জন্য দরখাস্ত করতে চাইলে তখন পরীক্ষা ফী বাবদ ৫০ টাকা দিতে হবে। কোনো ক্ষেত্রেই তপশিলী, প্রতিবন্ধী ও মহিলাদের ফী লাগবে না। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে। ফর্ম পূরণ করার পর কোনো ভুল হয়ে থাকলে তা সংশোধন করতে পারবেন ১৮ মার্চ থেকে ২৪ মার্চের মধ্যে।

## ডব্লু.বি.সি.এস-এর দরখাস্ত

৬ পাতার পর

করবে পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশন। ২০২৩ সালের 'ওয়েস্ট বেঙ্গল সিভিল সার্ভিস (এক্সিকিউটিভ)' পরীক্ষার মাধ্যমে। প্রথমে হবে প্রিলিমিনারি পরীক্ষা হবে জুন মাস নাগাদ। কলকাতা-সহ রাজ্যের অন্যান্য কেন্দ্রে। সফল হলে 'মেন পরীক্ষা' হবে, শুধুমাত্র কলকাতায়। প্রিলিমিনারি পরীক্ষা হবে এইসব কেন্দ্রে (ব্র্যাকেটে কোড নং দেওয়া হল) : কলকাতা (১১), বারুইপুর (১২), ডায়মন্ডহারবার(১৩), ব্যারাকপুর (১৪), বারাসাত (১৫), হাওড়া (১৬), চুঁচুড়া (১৭), বর্ধমান (১৮), দুর্গাপুর (১৯), মেদিনীপুর (২০), তমলুক (২১), বাঁকুড়া (২২), পুরুলিয়া (২৩), ঝাড়গ্রাম (২৪), সিউড়ি (২৫), কৃষ্ণনগর (২৬), বহরমপুর (২৭), মালদা (২৮), বালুরঘাট (২৯), রায়গঞ্জ (৩০), জলপাইগুড়ি (৩১), আলিপুরদুয়ার (৩২), কোচবিহার (৩৩), শিলিগুড়ি (৩৪), কালিম্পং (৩৫) ও দার্জিলিং (৩৬)। দৃষ্টিহীন প্রার্থীরা স্ক্রাইবের সহায়তা নিতে পারবেন। সব সম্প্রদায়ের প্রার্থীরা নির্দিষ্ট বয়সের মধ্যে যতবার খুশি এই পরীক্ষা দিতে পারেন।

**প্রিলিমিনারি পরীক্ষার সিলেবাস** : লিখিত প্রিলিমিনারি পরীক্ষায় থাকবে 'জেনারেল স্টাডিজ'এর ২০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের একটি প্রশ্নপত্র। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর ও সময় আড়াই ঘন্টা। নেগেটিভ মার্কিং আছে। এই পরীক্ষায় থাকবে এই ৮টি বিষয় ও প্রতিটি বিষয়ে ২৫টি করে প্রশ্ন : (১) ইংরিজি কম্পোজিশন, (২) জেনারেল সায়েন্স, (৩) জাতীয় ও আন্তর্জাতিক সাম্প্রতিক ঘটনা, (৪) ভারতের ইতিহাস, (৫) পশ্চিম বঙ্গ-সহ ভারতীয় ভূগোল, (৬) ভারতীয় রাষ্ট্রনীতি ও অর্থনীতি, (৭) ভারতের জাতীয় আন্দোলন, (৮) জেনারেল মেন্টাল এবিলিটি।

ইংরিজি কম্পোজিশন অংশে থাকবে গ্রামারের প্রশ্ন। ভারতীয় ভূগোল অংশে পশ্চিমবঙ্গ-সহ ভারতীয় কৃষি ও প্রাকৃতিক সম্পদ -সহ সামাজিক ও অর্থনৈতিক ভূগোল, রাষ্ট্রনীতি ও অর্থনীতি অংশে রাষ্ট্রপদ্ধতি, পঞ্চায়েতীরাজ, কমিউনিটি উন্নয়ন ও ভারতের পরিকল্পনা বিষয়, ভারতের জাতীয় আন্দোলন অংশে অষ্টাদশ শতাব্দীর প্রকৃতি ও বৈশিষ্ট্য আর জেনারেল মেন্টাল এবিলিটি টেস্ট অংশে থাকবে লজিক্যাল রিজনিং ও সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক প্রেক্ষাপটে ভারতীয় ইতিহাস। প্রিলিমিনারি পরীক্ষায় নির্দিষ্ট নম্বর পেলে কোয়ালিফাইং করতে পারবেন। তবে চূড়ান্ত তালিকা তৈরির সময় প্রিলিমিনারি পরীক্ষার নম্বর ধরা হবে না।


**মেন পরীক্ষার সিলেবাস** : 'প্রিলিমিনারি' পরীক্ষায় সফল হলে 'মেন' পরীক্ষা হবে ২০২২ সালের শেষের দিকে কিংবা ২০২৩ সালের প্রথম দিকে। A, B, C ও D — এই ৪ গ্রুপেই 'মেন'এ ১২০০ নম্বরের পরীক্ষায় থাকবে এই ৬টি আবশ্যিক বিষয় : (১) প্রথম পত্র : বাংলা /হিন্দি /উর্দু /নেপালী /সাঁওতালি — চিঠি লেখা (১৫০ শব্দের মধ্যে) /২০০ শব্দের মধ্যে রিপোর্ট ড্রাফটিং করা, প্রেসি লেখা, কম্পোজিশন, ইংরিজি থেকে বাংলা /হিন্দি /উর্দু /নেপালী /সাঁওতালি ভাষায় অনুবাদ। (২) দ্বিতীয় পত্র : ইংরিজি - চিঠি লেখা (১৫০ শব্দের মধ্যে) /২০০ শব্দের মধ্যে রিপোর্ট ড্রাফটিং করা, প্রেসি লেখা, কম্পোজিশন, বাংলা /হিন্দি /উর্দু /নেপালী /সাঁওতালি থেকে ইংরিজি ভাষায় অনুবাদ। (৩) তৃতীয় পত্র : জেনারেল স্টাডিজ - I (ন্যাশনাল মুভমেন্ট-সহ ভারতীয় ইতিহাস আর পশ্চিমবঙ্গ স্পেশাল রেফারেন্স-সহ ভারতের ভূগোল)। (৪) চতুর্থ পত্র : জেনারেল স্টাডিজ -II (সায়েন্স ও সায়েন্টিফিক ও টেকনোলজিক্যাল অ্যাডভান্সমেন্ট, এনভায়রণমেন্ট, জেনারেল নলেজ ও কারেন্ট অ্যাফেয়ার্স)। (৫) পঞ্চম পত্র : ভারতীয় সংবিধান ও ভারতীয় অর্থনীতি (রিজার্ভ ব্যাঙ্কের ভূমিকা ও কার্য)। (৬) ষষ্ঠ পত্র : অ্যারিথমেটিক ও টেস্ট অফ রিজনিং। প্রতিটি বিষয়ে থাকবে ২০০ নম্বর ও প্রতিটি পেপারে সময় থাকবে ৩ ঘন্টা।

আবশ্যিক প্রথম পত্র : বাংলা /হিন্দি /উর্দু /নেপালী /সাঁওতালি আর দ্বিতীয় পত্র : ইংরিজি বিষয়ের প্রশ্ন হবে ডেসক্রিপ্টিভ টাইপের।

এরপর ১৪ পাতায়

TAKEOFF POINT
Coaching Centre since 2015
WBCS
Combined, TET
নতুন ব্যাচে ভর্তি চলছে, ফী 800/- pm
Free Demo ক্লাস করে সিদ্ধান্ত নিন
Rajamiya More, Gorabazar, Berhampore
শাখা: পলাশী, বেথুয়াডহরী, কৃষ্ণনগর, বারাসাত
8101008818, 6290496535

NHSC for WBCS
এ রাজ্যের কিংবদন্তী বই লেখকবৃন্দ ও WBCS Toppers যৌথভাবে WBCS course পড়াচ্ছেন। Class এর সাথে top rankers-দের তৈরি Complete Study Materials ও Mock Test Program এর সুচারু ব্যবস্থা আছে। Mock Test'23 এর Online ও Offline -এ সুবন্দোবস্ত আছে।
Barnaparichaya Market (1st Floor), College Street, Kol-7
Helpline- 7980649836, 7003892173, 7029833506
www.newhorizonstudy.com




# সাধারণ জ্ঞান

**এখন সব রকমের চাকরির পরীক্ষায় সাধারণ জ্ঞান বিষয়ে প্রশ্ন আসছেই। দুঃখের কথা এ নিয়ে যতটা গুরুত্ব দেওয়া উচিত ছেলেমেয়েরা ততটা দেয় না। কেন? কারণ হিসাবে তারা বলছে এতবড় সিলেবাস, কোথা থেকে কী প্রশ্ন আসবে? কী ধরণের প্রস্তুতি নিলে সাধারণ জ্ঞান বিষয়েও কমন পাওয়া যাবে তা বুঝে ওঠা প্রায় অসম্ভব। এই সমস্যা সমাধানে এবার থেকে সাধারণ জ্ঞানের বিষয়ভিত্তিক ব্যাপারে জোর দিয়ে চাকরির উপযোগী পুরোপুরি নতুন ধরনের সম্ভাব্য প্রশ্নোত্তরের সেট দেওয়া হচ্ছে।**

## সাধারণ বিজ্ঞান

১। ঘোড়ার কোন আঙুল ক্ষুরে রূপান্তরিত হয়েছে — তৃতীয় আঙুল।

২। ওয়াশিং মেশিন কে আবিষ্কার



করেন — হ্যামিল্টন স্মিথ।

৩। প্রোটিনের পরিপাক স্থান কোনটি — পাকস্থলী ও ক্ষুদ্রান্ত্র।

৪। মোলার আয়তনের মান কীসের ওপর নির্ভরশীল — গ্যাসের চাপ ও উষ্ণতার ওপর।

৫। কোনো বস্তুর প্রাথমিক ও শেষ অবস্থান মিলে গেলে সরণ কত হয় — শূন্য।

৬। কোন পরীক্ষা তরলের স্ফুটনাঙ্কের ওপর চাপের প্রভাবকে প্রমাণ করে — ফ্রাঙ্কলিনের পরীক্ষা।

৭। কোন প্রক্রিয়ায় দ্রাবকে দ্রাবক থেকে আলাদা করা যায় না — পরিস্রবণ প্রক্রিয়ায়।

৮। স্টেথোস্কোপ যন্ত্রে শব্দের কোন ধর্মকে কাজে লাগানো হয় — প্রতিফলন ধর্মকে।

## ইতিহাস

৯। নানক তাঁর শেষ জীবন কোথায় কাটান — পঞ্জাবের কর্তারপুরে।

১০। গুরু অর্জনকে কার নির্দেশে হত্যা করা হয় — মোগল সম্রাট জাহাঙ্গীর।

১১। কার সময় থেকে গুরু-পদ বংশানুক্রমিক হয়ে যায় — রামদাস।

১২। সদর দেওয়ানি আদালত প্রথম কোথায় স্থাপিত হয় — ফোর্ট উইলিয়ামে।

১৩। অসম কবে ব্রিটিশ সাম্রাজ্যভুক্ত হয় — ১৮২১ সাল।

১৪। কোন সন্ধির মাধ্যমে 'প্রথম ইঙ্গ মারাঠা যুদ্ধ'এর অবসান হয় — সলবাইয়ের সন্ধি (১৭৮২ সাল)।

১৫। চার্লস উডের সুপারিশ অনুসারে কবে সরকারি দফতর খোলা হয় — ১৮৫৫ সাল।

১৬। 'শিকাগো বিশ্ব ধর্ম সম্মেলন'এ কোন ভারতীয় অংশ নেন — স্বামী বিবেকানন্দ।

১৭। মোগল যুগের অন্যতম শ্রেষ্ঠ সঙ্গীতশিল্পী মিঁয়া তানসেন কীজন্য বিখ্যাত ছিলেন — 'মেঘ মল্লার' রাগ সৃষ্টির জন্য।

১৮। 'বন্দিবাসের যুদ্ধ'এ কারা বিজয়ী হয় — ইংরেজরা।

## ভূগোল

১৯। 'সালাল প্রকল্প' কোন নদীর ওপর তৈরি হয়েছে — চেনাব।

২০। 'নয় ডিগ্রি চ্যানেল' কোন কোন অঞ্চলকে আলাদা করেছে — কাভারাত্তি ও মিনিকয় দ্বীপপুঞ্জ।

২১। আন্ধ্রা প্রদেশের 'ঘামাম' কীজন্য বিখ্যাত — আকরিক লোহার জন্য।

২২। 'কোভালাম বীচ' ভারতের কোন রাজ্যে আছে — কেরল।

২৩। কোন নদী পঞ্জাবের রোপারের কাছে মৈনাদেবীধর পর্বতে 'ভাকরা' নামে গভীর গিরিখাত সৃষ্টি করেছে — শতদ্রু।

২৪। ভারতের কোন জায়গায় প্রচুর পরিমাণে গ্রানাইট শিলা দেখতে পাওয়া যায় — পুরুলিয়া জেলা ও ছোটনাগপুর মালভূমিতে।

২৫। কোন কোন নদীর মিলিত প্রবাহ নীলনদ নামে পরিচিত — ব্লু নীল ও হোয়াইট নীল।

২৬। লাদাখ মালভূমিতে কোন ধরণের জলবায়ু দেখা যায় — শীতল মরু জলবায়ু।

২৭। কোন কোন সাগরে জোয়ার ভাঁটা হয় না — ভূমধ্যসাগর ও বাল্টিক সাগর।

২৮। দু'টি মুখ্য জোয়ারের মধ্যে সময়ের পার্থক্য কত — ২৪ ঘন্টা ৫২ মিনিট।

## অর্থনীতি

২৯। ভারতের কোন রাজ্যের উদ্যানপালন ব্যবসার প্রচার করতে ১৩০ মিলিয়ন ডলার ঋণ দিচ্ছে 'এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক' — হিমাচল প্রদেশ।

৩০। অনলাইন নিরাপত্তা প্রচারের জন্য, কোন কোম্পানি ভারতে ডিজিটাল সুরক্ষা প্রচারাভিযান চালু করল — মেটা।

৩১। 'কানাড়া ব্যাঙ্ক'এর ম্যানেজিং ডিরেক্টর ও চিফ এক্সিকিউটিভ অফিসার এখন কে — কে.সত্যনারায়ণ রাজু।

৩২। ইউপিআই'তে ক্রেডিট কার্ড সাপোর্ট করা ভারতের প্রথম অ্যাপ কোনটি — মোবিকুইক।

৩৩। কোন ব্যাঙ্ক 'ইলেক্ট্রনিক ব্যাঙ্ক গ্যারান্টি স্কিম' চালু করল — ইন্ডিয়ান ওভারসিজ ব্যাঙ্ক।

৩৪। 'জাগুয়ার ল্যান্ড রোভার ইন্ডিয়া'র ম্যানেজিং ডিরেক্টর হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — রাজন আম্বা।

## সাম্প্রতিক ঘটনা

৩৫। ভারতের প্রথম ন্যাশনাল মেট্রো রেল নলেজ সেন্টার কোথায় তৈরি হতে চলেছে — নয়া দিল্লি।

৩৬। সাইপ্রাসের প্রেসিডেন্ট হিসাবে নিযুক্ত হলেন কে — নিকোস ক্রিস্টোদৌলিদেস।

৩৭। এবছর 'রাষ্ট্রীয় সংস্কৃতি মহোৎসব' কোথায় হয়েছে — মুম্বই।

৩৮। 'ভরতপুর অভয়ারণ্য'এ ডলফিন ও গণ্ডারদের জন্য চিড়িয়াখানা তৈরি করছে কোন রাজ্য — রাজস্থান।

৩৯। 'বিশ্ব রেডিও দিবস' কবে পালিত হয় — ১৩ ফেব্রুয়ারি।

৪০। মলদোভা'র প্রধানমন্ত্রী এখন কে — ডোরিন রেসেন।

৪১। এবছর 'তাজ মিস ইন্ডিয়া'র শিরোপা পেলেন কে — মুম্বইয়ের মেয়ে অক্ষতা রক্ষে।

৪২। এশিয়ার বৃহত্তম বিমান প্রদর্শনী ১৪ তম 'অ্যারো ইন্ডিয়া ২০২৩' কোথায় হয়েছে — কর্ণাটকের বেঙ্গালউরুর 'ইয়েলাহাঙ্কা এয়ারফোর্স স্টেশন'।

৪৩। কোন দেশের বিজ্ঞানীরা রোগ শনাক্ত করতে, বায়োলজিক্যাল সেন্সর দিয়ে সজ্জিত স্নিফিং রোবট তৈরি করলেন — ইজরায়েল।

৪৪। মহারাষ্ট্রের রাজ্যপাল হিসাবে কে নিযুক্ত হলেন — রমেশ বাইস।

৪৫। ঝাড়খণ্ডের রাজ্যপাল হিসাবে কে নিযুক্ত হলেন — সি.পি.রাধাকৃষ্ণণ।

৪৬। কোন দেশকে একটি অ্যাডভান্সড লাইট হেলিকপ্টার 'মার্ক-৩' ভ্যারিয়্যান্ট প্রদান করল ভারতের রাষ্ট্রায়ত্ত সংস্থা 'হিন্দুস্তান অ্যারোনটিক্স লিমিটেড'। — মরিশাস।

৪৭। কে 'বিশ্বের সবথেকে উজ্জ্বল'



ছাত্রীর খেতাব পেলেন — ভারতীয়-মার্কিনি স্কুল পড়ুয়া ১৩ বছর বয়সি নাতাশা পেরিয়ানায়াগাম।

৪৮। কোন দেশের গবেষকরা 'অ্যাটাকামা লার্জ মিলিমিটার অ্যারে' ব্যবহার করে একটি কালো ছায়াপথ বা অদৃশ্য গ্যালাক্সি আবিষ্কার করলেন — ইতালি।

৪৯। 'ডারউইন দিবস' কবে পালিত হয় — ১২ ফেব্রুয়ারি।

৫০। ভারতের কোন রাজ্য সরকার 'ফ্যামিলি আইডি-এক পরিবার এক পরিচয়পত্র' অনলাইন পোর্টাল চালু করল — উত্তর প্রদেশ।

৫১। চাকরির পরীক্ষায় দুর্নীতি রুখতে, ভারতের কোন রাজ্য সরকার প্রতারণা বিরোধী আইন আনছে — উত্তরাখণ্ড।

৫২। সম্প্রতি প্রয়াত বার্ট বাচারচ (৯৪ বছর) কোন দেশের পপ সুরকার ছিলেন — মার্কিন যুক্তরাষ্ট্র।

৫৩। ২০২৩-'২৪ সালের জন্য, 'কাউন্সিল অফ দ্য ইনস্টিটিউট অফ চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস অফ ইন্ডিয়া'র প্রেসিডেন্ট কে হলেন — অনিকেত সুনীল তালাটি।

৫৪। কোন দেশ এই প্রথম এক মহিলা মহাকাশচারীকে আন্তর্জাতিক মহাকাশ কেন্দ্রে পাঠানোর সিদ্ধান্ত নিল — সৌদি আরব (এজন্য রায়ানা বারনাউই নামে এক মহিলা মহাকাশচারীকে বেছে নেওয়া হয়েছে)।

৫৫। বাংলাদেশের ২২ তম রাষ্ট্রপতি কে — মহম্মদ শাহাব-উদ-দ্বীন চুপ্পু।

৫৬। কোথায় ভারতের প্রথম বাতানুকূল দ্বিতল বৈদ্যুতিক বাস পরিষেবা চালু হল — মুম্বই।

৫৭। 'গুজরাত হাই কোর্ট'এর প্রধান বিচারপতি এখন কে — সোনিয়া গিরিধর গোকানি।

৫৮। 'গুয়াহাটি হাই কোর্ট'এর প্রধান বিচারপতি এখন কে — সন্দীপ মেহতা।

৫৯। 'ত্রিপুরা হাই কোর্ট'এর প্রধান বিচারপতি এখন কে — যশবন্ত সিং।

৬০। জম্মু ও কাশ্মীর আর লাদাখ হাই কোর্ট'এর প্রধান বিচারপতি এখন কে — এন.কোটিশ্বর সিং।

৬১। ২০২২ সালের জন্য, কে মহারাষ্ট্র সরকারের তরফ থেকে 'মহারাষ্ট্র ভূষণ পুরস্কার' পাচ্ছেন — প্রখ্যাত সমাজকর্মী, প্রচারক ও সংস্কারক দত্তাত্রেয় ওরফে আপ্পাসাহেব ধর্মাদিকারি।

৬২। কোন ভারতীয় বংশোদ্ভূত সুরকার এই নিয়ে তৃতীয়বার 'গ্র্যামি পুরস্কার' জিতলেন — রিকি কেজ।

৬৩। 'সেন্ট জেভিয়ার্স বিশ্ববিদ্যালয়'এর তরফ থেকে কে সাম্মানিক ডি লিট পেলেন — রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

৬৪। এলন মাস্কের কোম্পানি ওপন এআই'এর চ্যাটজিপিটি'র সঙ্গে প্রতিযোগিতায় নামতে, কোন সংস্থা 'বার্ড' নামে একটি কৃত্রিম বুদ্ধিমত্তা চালিত প্রযুক্তি চালু করল — গুগল।

৬৫। সম্প্রতি কোন গ্রহের আরও ১২টি উপগ্রহের খোঁজ পেলেন মার্কিন বিজ্ঞানীরা — বৃহস্পতি।

৬৬। অর্থনৈতিক সহায়তা প্রকল্পের আওতায় কোন দেশকে ৫০টি বাস সরবরাহ করল ভারত — শ্রীলঙ্কা।

৬৭। বিশ্বের সর্বোচ্চ দুধ উৎপাদনকারী দেশ কোনটি — ভারত।

৬৮। কোন বিশ্ববিদ্যালয় 'ইউনেস্কো'র তরফ থেকে বিশ্বের প্রথম 'লিভিং হেরিটেজ বিশ্ববিদ্যালয়'এর স্বীকৃতি পেতে চলেছে — বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়।

## খেলাধূলা

৬৯। ডোপ পরীক্ষায় ব্যর্থ হওয়ায়, কোন বাঙালি জিমন্যাস্টকে ২১ মাসের জন্য নির্বাসন দিল 'ইন্টারন্যাশনাল টেস্টিং এজেন্সি' — দীপা কর্মকার।

৭০। ২০২২ সালে কোন দল 'ফিফা ক্লাব বিশ্বকাপ' জিতল — রিয়াল মাদ্রিদ (আল হিলালকে ৫-৩ গোলে হারিয়ে)।

৭১। 'ইন্টারন্যাশনাল ক্রিকেট কাউন্সিল'এর বিচারে, কে 'জানুয়ারির সেরা পুরুষ খেলোয়াড়'এর শিরোপা পেলেন — ভারতীয় ব্যাটার শুভমান গিল।

৭২। 'ইন্টারন্যাশনাল ক্রিকেট কাউন্সিল'এর বিচারে, কে 'জানুয়ারির সেরা মহিলা খেলোয়াড়'এর শিরোপা পেলেন — ইংল্যান্ডের ক্রিকেটার গ্রেস এলিজাবেথ স্ক্রিভেনস।

৭৩। প্রথম ভারতীয় অধিনায়ক হিসাবে কে ক্রিকেটের ৩টি (টেস্ট, ওয়ান ডে ও টোয়েন্টি-২০) ফরম্যাটেই শতরান করে নজির গড়লেন — রোহিত শর্মা।

৭৪। কোন ইংল্যান্ড দলের অধিনায়ক সব ফর্ম্যাটের ক্রিকেট থেকে অবসর ঘোষণা করলেন — ইয়ন মর্গ্যান।

৭৫। 'মহিলা প্রিমিয়র লিগ-২০২৩'এর খেলোয়াড় নিলামে সবথেকে দামি খেলোয়াড় হলেন কে — ভারতীয় তারকা ওপনার স্মৃতি মন্ধানা (নিলামে সর্বোচ্চ বিড জিতে ৩.৪ কোটি টাকায় 'রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালউরু'তে যোগ দেন তিনি)।

৭৬। প্রথমবার ভারতে অনুষ্ঠিত 'হায়দরাবাদ ফর্মুলা ই-প্রিক্স' জিতলেন



কে — ফরাসি রেস কার ড্রাইভার জিন-এরিক ভার্গনে।

৭৭। এবছর কে 'কেনিয়া লেডিস ওপন' খেতাব জিতলেন — ভারতীয় অলিম্পিয়ান অদিতি অশোক।

৭৮। সম্প্রতি আন্তর্জাতিক টোয়েন্টি-২০ ক্রিকেট থেকে অবসর ঘোষণা করা অ্যারন ফিঞ্চ কোন দেশের ক্রিকেটার — অস্ট্রেলিয়া।

৭৯। সম্প্রতি আন্তর্জাতিক ফুটবল থেকে অবসরের ঘোষণা করা রাফায়েল ভারানে কোন দেশের খেলোয়াড় — ফ্রান্স।

৮০। প্রাক্তন মার্কিনি পেশাদার বাস্কেটবল খেলোয়াড় করিম আব্দুল-জব্বারকে পিছনে ফেলে, কে 'ন্যাশনাল • বাস্কেটবল অ্যাসোসিয়েশন'এর সর্বকালের সর্বোচ্চ স্কোরারের শিরোপা পেলেন — লেব্রন জেমস (কেরিয়ারের ৩৮,৩৯০ পয়েন্ট নিয়ে বাস্কেটবল ইতিহাসে সবথেকে বেশি স্কোরার এখন তিনি)।

সঙ্কলক : পলি দেওয়ান

## ডব্লু.বি.সি.এস-এর দরখাস্ত

১৩ পাতার পর

আর বাকি ৪টি আবশ্যিক বিষয়ের প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ (এম.সি.কিউ.) টাইপের।

**অপশনাল পেপার :** এরপর হবে ঐচ্ছিক বিষয়ের পরীক্ষা। A ও B গ্রুপের বেলায় ৪০০ নম্বরের ১টি ঐচ্ছিক বিষয়ে ২টি পেপারের পরীক্ষা হবে। প্রতিটি পেপারে থাকবে ২০০ নম্বর। C ও D গ্রুপের বেলায় কোনো ঐচ্ছিক বিষয়ের পরীক্ষা হবে না।

**পার্সোন্যালিটি টেস্ট :** এরপর হবে পার্সোন্যালিটি টেস্ট। A ও B গ্রুপের বেলায় ২০০ নম্বরের, C গ্রুপের বেলায় ১৫০ নম্বরের আর D গ্রুপের বেলায় ১০০ নম্বরের পার্সোন্যালিটি টেস্ট হবে। ঐচ্ছিক বিষয়গুলি হল (ব্র্যাকেটে কোড নং দেওয়া হল) : বাংলা (কোড ০১), হিন্দি (০২), সংস্কৃত (০৩), ইংরিজি (০৪), পালি (০৫), আরবি (০৬), পার্সিয়ান (০৭), ফ্রেঞ্চ (০৮), উর্দু (০৯), সাঁওতালি (১০), কম্পারেটিভ লিটারেচার (১১), অ্যাগ্রিকালচার (১২), পশু পালন ও পশু চিকিৎসা (১৩), নৃতত্ত্ব (১৪), বটানি (১৫), রসায়ন (১৬), সিভিল ইঞ্জিনিয়ারিং (১৭), বাণিজ্য ও হিসাবশাস্ত্র (১৮), কম্পিউটার সায়েন্স (১৯), অর্থনীতি (২০), ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং (২১), ভূগোল (২২), জিওলজি (২৩), ইতিহাস (২৪), আইন (২৫), অঙ্ক (২৬), ম্যানেজমেন্ট (২৭), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (২৮), মেডিক্যাল সায়েন্স (২৯), দর্শন (৩০), ফিজিওলজি (৩১), পদার্থবিদ্যা (৩২), রাষ্ট্রবিজ্ঞান (৩৩), মনস্তত্ত্ব (৩৪), সমাজবিদ্যা (৩৫), রাশিবিজ্ঞান (৩৬), জুলজি (৩৭)।

প্রিলিমিনারি ও মেন পরীক্ষার বিস্তারিত সিলেবাস পাবেন এই ওয়েবসাইটে : www.pscwb.org.in

**দরখাস্ত করার পদ্ধতি :** দরখাস্ত করবেন অনলাইনে, ২৮ ফেব্রুয়ারি থেকে ২১ মার্চ পর্যন্ত। এই ওয়েবসাইটে : https://wbpsc.gov.in, www.pscwbonline.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে ২০ থেকে ৫০ কে.বি.'র মধ্যে স্ক্যান করে নেবেন। ফটো ও সিগনেচার স্ক্যান করবেন ২০০ ডি.পি.আই.'তে। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করবেন। তারপর স্ক্যান করা ফটো ও সিগনেচার আপলোড করে নেবেন। তারপর পরীক্ষা ফী বাবদ ২১০ (তপশিলী ও প্রতিবন্ধীদের ফী লাগবে না) টাকা দিতে হবে। টাকা অনলাইনে বা, অফলাইনে দিতে পারবেন। অফলাইনে টাকা দিতে পারবেন পঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের চালানে, ২২ মার্চের মধ্যে। চালান ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারবেন। অনলাইনে টাকা জমা দিতে চাইলে ক্রেডিট কার্ড, ডেবিট কার্ড ও নেট ব্যাঙ্কিংয়ে দিতে পারবেন ২১ মার্চের মধ্যে। আরো বিস্তারিত তথ্য ওয়েবসাইটে পাবেন। ফর্ম পূরণে কোনো অসুবিধা হলে তা এডিট করতে পারবেন ৩১ মার্চ থেকে ৬ এপ্রিল পর্যন্ত। ফর্ম পূরণ করতে কোনো অসুবিধা হলে ফোন করুন এই নম্বরে : 9163129676, 9163129722. Email: pscwbit01@gmail.com

